চালু হল
'দুরন্ত বার্তা'
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 29, Issue No.: 74 Tuesday, 13 February, 2024 ✻ ২৯ বর্ষ, ৭৪ সংখ্যা ✻ ২৯ মাঘ, ১৪৩০, মঙ্গলবার, ১৩ ফেব্রুয়ারি, ২০২৪ ✻ আজ ৮ পাতা ✻ মূল্য– ৩ টাকা

সুন্দরবনে বাঘের আক্রমনে মৃত্যু মিছিল অব্যাহত। আবারও বাঘের আক্রমনে মৃত্যু হল এক মস্যজীবির। মৃতের নাম শ্রীদাম হালদার (৪৬)। ...বিস্তারিত পাতা ৩

কোচবিহার জেলার বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের কর্মচারীদের দূরবর্তী গ্রাম পঞ্চায়েত এলাকায় বদলির প্রতিবাদে কোচবিহার জেলা পরিষদের সামনে অবস্থান বিক্ষোভ। ...বিস্তারিত পাতা ৫

বেঙ্গল সাফারি পার্কে পশুরাজ সিংহের আগমন। এদিন শিলিগুড়ির বেঙ্গল সাফারি পার্কে পশুরাজ সিংহের আগমন ঘটেছে। ...বিস্তারিত পাতা ৬

ঘরোয়া ক্রিকেট কি গুরুত্ব হারাচ্ছে? রঞ্জি ট্রফি খেলার দরকার নেই? শুধু আইপিএল খেললেই হল? তিনটে স্বতন্ত্র প্রশ্ন নিয়ে জেরবার বিসিসিআই। ...বিস্তারিত পাতা ৮

সন্দেশখালি যাবে তৃণমূলও, দিনক্ষণ ঘোষণা শাসকের

দুরন্ত বার্তা, কলকাতা, ১২ ফেব্রুয়ারিঃ টানা উত্তপ্ত সন্দেশখালি। স্থানীয় বাসিন্দাদের বিক্ষোভ নতুন মাত্রা পেয়েছে বিরোধী রাজনৈতিক সন্দেশখালি সফর নিয়ে। এরই মধ্যে শাসকদল তৃণমূলের পক্ষেও সন্দেশখালি যাওয়ার কর্মসূচি ঠিক হল। তৃণমূল সূত্রে জানা গিয়েছে, আগামী মঙ্গলবার উত্তর ২৪ পরগনার দুই বিধায়ক পার্থ ভৌমিক ও নারায়ণ গোস্বামী যাবেন শাহজাহান-গড় সন্দেশখালিতে। প্রসঙ্গত, পার্থ রাজ্যের সেচমন্ত্রী এবং নারায়ণ জেলা পরিষদের সভাধিপতি। এই দুই নেতাকে পাঠিয়েই ক্ষান্ত থাকছে না তৃণমূল। এখন সন্দেশখালি থানা এলাকায় ১৪৪ ধারা জারি করেছে পুলিশ। রাজ্য প্রশাসন মনে করছে, আগামী শনিবারের মধ্যে ১৪৪ ধারা উঠে যাবে। সে ক্ষেত্রে রবিবার ওই এলাকার পরিস্থিতি বিবেচনা করে একটি জনসভা করার ভাবনা তৃণমূলের। সেখানে পার্থ ও নারায়ণ ছাড়াও যাওয়ার কথা তিন মন্ত্রী রথীন ঘোষ, ব্রাত্য বসু ও সুজিত বসুর। এ ছাড়াও যাবেন বিধায়ক তাপস রায়, সুকুমার মাহাতো, নির্মল ঘোষ। এঁদের মধ্যে সুকুমার সন্দেশখালির বিধায়ক। তবে সেই সভার আগে আপাতত স্থানীয় মানুষের সঙ্গে কথা বলতে যাচ্ছেন পার্থ ও নারায়ণ। এর পাশাপাশি সুকুমারকে এলাকার পরিস্থিতি নিয়ে রিপোর্ট দিতে বলেছেন তৃণমূলের শীর্ষ নেতৃত্ব। সেই রিপোর্ট দেখার পরেই দল সভা করার বিষয়ে সিদ্ধান্ত চূড়ান্ত করবে। প্রসঙ্গত, সোমবারই রাজ্য মহিলা কমিশনের প্রতিনিধি দল গিয়েছে সন্দেশখালিতে। গিয়েছেন রাজ্যপাল আনন্দ বোসও। অশান্তির ঘটনায় পুলিশ ইতিমধ্যেই তিন জনকে গ্রেফতার করেছে। তাঁদের এক জন তৃণমূলের উত্তর সর্দার। সন্দেশখালিকাণ্ডে নাম জড়ানোর পরেই উত্তমকে সাসপেন্ড করে শাসকদল।

অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে বক্তৃতা দেওয়ার আমন্ত্রণ পেলেন মুখ্যমন্ত্রী

দুরন্ত বার্তা, কলকাতা, ১২ ফেব্রুয়ারিঃ বিদেশের বিশ্ববিদ্যালয়ে বক্তৃতা দেওয়ার জন্য আমন্ত্রণ পেলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আগামী জুন মাসেই অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে যাওয়ার জন্য আমন্ত্রণ জানানো হয়েছে তাঁকে। এছাড়া লন্ডন স্কুল অব ইকনমিক্সেও পড়ুয়ারা তাঁর সঙ্গে দেখা করতে চেয়েছেন। সোমবার ভবানীপুর মর্ডান স্কুলের উদ্বোধনে গিয়েছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। সেখানে গিয়েই এই খবর জানিয়েছেন তিনি। মমতা এদিন উল্লেখ করেন, বাংলার ছেলেমেয়েরা বিভিন্ন দেশে শিক্ষা ও অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত আছেন। শিশুদের তাই যত বেশি সম্ভব ভাষা শেখানো উচিত বলে মন্তব্য করেছেন তিনি। সেই প্রসঙ্গে বিদেশের শিক্ষা প্রতিষ্ঠানে যাওয়ার কথা উল্লেখ করেছেন মমতা। স্কুলের উদ্বোধন অনুষ্ঠানে মমতা বলেন, ''যত ভাষা জানবে তত মানসিক বিস্তার হবে। আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশ নিতে পারবে পড়ুয়ারা।'' এই প্রসঙ্গেই তিনি উল্লেখ করেন, নাসায় যেমন অনেক বাঙালি গবেষক রয়েছেন, তেমনই অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়, হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের মতো প্রতিষ্ঠানে বাঙালি অধ্যাপকদের সংখ্যাও অনেক বেশি। কলম্বিয়া থেকে শিকাগো সর্বত্র ছড়িয়ে আছেন বাঙালিরা। কেউ লন্ডন, কেউ আমেরিকা, কেউ জার্মানিতে পড়াশোনা করতে যাচ্ছেন বলেও জানিয়েছেন মমতা। এরপর মমতা জানান, গতকাল (রবিবার) তাঁর কাছে আমন্ত্রণ এসেছে অক্সফোর্ড ইউনিভার্সিটি থেকে। 'লন্ডন স্কুল অব ইকনমিক্সে'ও ডাকা হয়েছে তাঁকে। মমতা বলেন, ''আমি যাব কি না সেটা ঠিক করব, তবে বিশ্ববিদ্যালয়ের ব্যাপার আমি এড়িয়ে যেতে পারি না।''

'রাজ্যপালকে যেতে দিলে বিরোধী দলনেতাকে নয় কেন?' শুভেন্দু

দুরন্ত বার্তা, কলকাতা, ১২ ফেব্রুয়ারিঃ সন্দেশখালি যাওয়ার পথে আটকে দেওয়া হল বিজেপি প্রতিনিধিদের। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে এদিন সন্দেশখালির পথে রওনা দেয় বিজেপি বিধায়কদের একটি দল। এদিকে ৬০ কিলোমিটার আগেই তাঁদের আটকে দেওয়া হয় বলে অভিযোগ করেন শুভেন্দু। বাসন্তী এক্সপ্রেসওয়েতে তাঁদের বাস আটকায় পুলিশ। বাসে বসেই শুভেন্দু অধিকারী বলেন, ''বসিরহাটের এসপি একটি চিঠিতে লিখেছেন শুভেন্দু



অধিকারী আসছেন ভায়োলেন্স করতে। আমি তো এটা নিয়ে নির্বাচন কমিশনে যাব। একজন এসপি বিরোধী দলনেতা সম্পর্কে এ কথা বলছেন।'' সোমবার দুপুর সাড়ে ১২টার কিছু পরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ও বিজেপি বিধায়করা বিধানসভা থেকে একটি বাসে সন্দেশখালির দিকে রওনা দেন। কিন্তু মাঝ রাস্তায় আটকে দেওয়া হয় তাঁদের। অন্তত ৫ জন আইপিএস অফিসার ও বিশাল পুলিশবাহিনী মোতায়েন করা হয় সেখানে। দুপুর ১টা ১০ থেকে বাসেই বসেছিলেন শুভেন্দু অধিকারীরা। বিজেপির লিগাল সেলের তরুণজ্যোতি তিওয়ারি ডিসির সঙ্গে কথা বলেন। জানতে চান, কেন আটকানো হচ্ছে। সেখানে পুলিশের পক্ষ থেকে এসপি বসিরহাটের দেওয়া একটি চিঠি দেখানো হয়। বলা হয় বিরোধী দলনেতা ও বিজেপি বিধায়করা সেখানে গেলে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি হতে পারে। শুভেন্দু অধিকারীর কথায়, ''ওরা তো রাজ্যপালকে যেতে দিয়েছেন। তাহলে বিরোধী দলনেতা, বিধায়কদের যেতে দেবেন না কেন? আমরাও তো আইনকে মানি। আমরা আড়াই লক্ষ তিন লক্ষ লোকের ভোটে জেতা জনপ্রতিনিধি। আমরা তো গুন্ডা নই। খালি হাতে এসেছি। পার্টির ঝান্ডা পর্যন্ত নেই। শুধু পোশাকে লেখা 'সন্দেশখালির সঙ্গে আছি। এতে তো অসংসদীয় কিছু নেই।''

'কাজ আটকানোও একটা বড় দুর্নীতি'

আরামবাগে চাকরি নিয়ে ফের তোপ দাগলেন মুখ্যমন্ত্রী

দুরন্ত বার্তা, আরামবাগ, ১২ ফেব্রুয়ারিঃ রাজ্য সরকারের বিভিন্ন দফতরে পাঁচ লক্ষ শূন্যপদ রয়েছে। স্থায়ী এবং অস্থায়ী মিলিয়ে এই শূন্যপদ দ্রুত পূরণ করা হবে বলে আরামবাগের সরকারি পরিষেবা প্রদান কর্মসূচি থেকে ঘোষণা করে দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রী জানিয়েছেন, এই পাঁচ লক্ষের মধ্যে এক লক্ষ শূন্যপদ রয়েছে শিক্ষকতায়। পুলিশে নিয়োগ করা হবে ৬০ হাজার। এ ছাড়া দমকল, পঞ্চায়েত, স্বাস্থ্য, জনস্বাস্থ্য ও কারিগরি-সহ বেশ কয়েকটি দফতরে পদ খালি রয়েছে। রাজ্য সরকারের বিভিন্ন দফতরে কত শূন্যপদ রয়েছে, সম্প্রতি মুখ্যমন্ত্রী তার হিসাব চেয়েছিলেন। সেই হিসাব পাওয়ার পর সোমবার এই ঘোষণা করলেন তিনি। তবে আইনি জটে বিভিন্ন ক্ষেত্রের নিয়োগ আটকে থাকার জন্য সোমবার আবার বিরোধীদের কাঠগড়ায় তুলেছেন মমতা। সিপিএম, বিজেপি ও কংগ্রেসকে এক বন্ধনীতে ফেলে মমতা বলেন, ''কিছু ফুরফুরে উড়ে বেড়াচ্ছে। নিয়োগ হলেই তারা কোর্টে চলে যাচ্ছে। মামলা করে সব আটকে দিচ্ছে। সিপিএম, কংগ্রেস, বিজেপির কিছু ফুরফুরে প্রজাপতির মতো উড়ে উড়ে এই সব করে বেড়াচ্ছে।'' এদিন নিয়োগ প্রসঙ্গে কথা বলতে গিয়ে মমতা বলেন, ''চরপাশে শুধু চাকরি চাই চাকরি। আমরা চাই ৫ লক্ষ লোককে নিয়োগ করতে। সিপিএম আর বিজেপির নেতাদের বলুন, চাকরিগুলো আটকাবেন না।'' বিরোধীদের বিরুদ্ধে তোপ দেগে মমতা বলেন, ''কোর্টে যে কেউ যেতে পারেন, কিন্তু একটুও কি মায়া লাগে না?'' মুখ্যমন্ত্রী উল্লেখ করেন, ওই সব মামলার জন্য ১ লক্ষ শিক্ষক, ৬০ হাজার পুলিশের নিয়োগ আটকে আছে। চাকরি রেডি করলেই কেস ঠুকে দিচ্ছে, এমনই অভিযোগ মুখ্যমন্ত্রীর। বিরোধীদের উদ্দেশে তিনি বলেন, ''সাহস থাকলে ভোটে লড়ুন। কাজ আটকানো তো আরও একটা বড় দুর্নীতি।'' এর আগে মমতা আদালতের উদ্দেশেও আর্জি জানিয়েছিলেন, নিয়োগ জট দ্রুত কাটিয়ে দেওয়ার। মুখ্যমন্ত্রীর আরামবাগের এই সভা হওয়ার কথা ছিল আগামী বুধবার।

গত ৪ ফেব্রুয়ারি সভাস্থল পরিদর্শন করতে গিয়ে তেমনই জানিয়েছিলেন রাজ্যের পরিবহণমন্ত্রী তথা জাঙ্গিপাড়ার বিধায়ক স্নেহাশিস চক্রবর্তী। তবে সরস্বতী পুজোর জন্য মঙ্গল ও বুধ দু'দিন রাজ্য সরকারি ছুটি। তাই গত শুক্রবারই সিদ্ধান্ত নেওয়া হয়, মমতার সভা হবে সোমবার। কালীপুরের সভায় সোমবার ভিড়ও হয়েছিল চোখে পড়ার মতো। শ্রীরামপুরের সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় এবং ঘাটালের সাংসদ তথা দেব (দীপক অধিকারী) ছিলেন মুখ্যমন্ত্রীর মঞ্চে। গত লোকসভা ভোটে আরামবাগ কেন্দ্রে কোনও রকমে জিতেছিলেন তৃণমূলের অপরূপা পোদ্দার। সোমবার তিনিও ছিলেন মঞ্চে। ২০২১ সালের বিধানসভা নির্বাচনে আরামবাগ লোকসভার সাতটি আসনের মধ্যে চারটিতে জিতেছিল বিজেপি (পুরশুড়া, আরামবাগ, গোঘাট, খানাকুল)। তিনটিতে (হরিপাল, তারকেশ্বর, চন্দ্রকোনা) জেতে তৃণমূল। সাত বিধানসভার হিসাব বলছে, ২০২১ সালে আরামবাগ লোকসভা কেন্দ্রে বিজেপির থেকে সাড়ে ১০ হাজারের বেশি ভোটে পিছিয়েছিল তৃণমূল। অনেকের মতে, সে কারণেই আরামবাগকে সরকারি পরিষেবা প্রদান কর্মসূচির জায়গা হিসাবে বেছে নেওয়া হয়েছিল। সেই সভা থেকে ইঙ্গিতে লোকসভায় তৃণমূলকে জেতানোর বার্তাও দিতে চাইলেন মমতা। মুখ্যমন্ত্রী বলেন, ''খেলা হবে। খেলতে হবে। পরাজয় মানব না। জয়ী হব, জয়ী হব, জয়ী হও, জয়ী হও।'' সরকারি প্রকল্পের কথা উল্লেখ করে মমতা বলেন, ''যখন যেটা দরকার, দিদির কাছে আবদার করবেন, দিদি দেখে নেবে। কিন্তু অন্যদের কথা শুনবেন না। ওরা যা বলে তা করে না। আমরা যা বলি, তা-ই করি। আমার কথাই আমার কাজ।'' এদিন সন্দেশখালিকাণ্ড নিয়ে মুখ খুললেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আরামবাগে প্রশাসনিক বৈঠকে যাওয়ার সময় হাওড়ার ডুমুরজলা হেলিপ্যাড গ্রাউন্ডে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি জানান, রাজ্য সরকার যথাযথ পদক্ষেপ করছে। রাজ্য মহিলা কমিশনকেও সেখানে পাঠানো হয়েছে। পাশাপাশি অভিযুক্তদের গ্রেফতারও করেছে পুলিশ। কেরল সফর কাটছাঁট করে সোমবার সন্দেশখালি গিয়েছেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। তাঁর সফর নিয়েও মন্তব্য করেছেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, ''যে যেখানে খুশি যেতেই পারেন। আমিও রাজ্য মহিলা কমিশনকে পাঠিয়েছিলাম। তারা রিপোর্ট দিয়েছে।'' মমতার সংযোজন, ''আর যাদের বিরুদ্ধে ক্ষোভ, তাদের গ্রেফতার করেছে পুলিশ।''

'আবাসনে বসবাসকারী প্রত্যেকেরই ছাদের অধিকার সমান'

বড় ঘোষণা করলেন মেয়র

দুরন্ত বার্তা, কলকাতা, ১২ ফেব্রুয়ারিঃ আবাসনের ছাদের অধিকার কার? এই প্রশ্ন এখন বড় হয়ে দেখা দিয়েছে কলকাতা শহরে। কারণ কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম বলেছেন, ''কোনও আবাসনে বসবাসকারী প্রত্যেকেরই ছাদের অধিকার সমান।'' এই কথা মেয়র বলেছেন উত্তর কলকাতার পাইকপাড়ার বাসিন্দা এক ব্যক্তি ফোন করার প্রেক্ষিতে। এই বিষয়ে কলকাতা পুরসভার এক অফিসার জানান, ফ্ল্যাটের কর ছাড়াও যাঁদের কাছে ছাদের একাংশের নিজস্ব মালিকানা আছে, তাঁদের থেকে অতিরিক্ত কর আদায় করা হয়েছে। তবে এটা তখনই সম্ভব যখন ফ্ল্যাটের দলিলে এটা লেখা আছে যে, সংশ্লিষ্ট ব্যক্তির কাছে ওই আবাসনের ছাদ বা ছাদের একটি অংশের মালিকানা আছে। এদিকে অনেক ক্ষেত্রেই দেখা যাচ্ছে, আবাসনের ছাদ ব্যবহার করতে দেওয়া হচ্ছে না। দক্ষিণ কলকাতাতেও এমন অভিযোগ রয়েছে। এক প্রবীণ নাগরিককে আবাসনের ছাদ ব্যবহার করতে দেওয়া হচ্ছে না বলে অভিযোগ। কলকাতার এক বাসিন্দা ২০০৭ সালে কসবায় একটি ফ্ল্যাট কেনেন। তাঁর দলিলে ছাদের একচেটিয়া অধিকারের কথা উল্লেখ করা ছিল। কলকাতা পুরসভা আবাসনের অন্যান্য বাসিন্দাদের চেয়ে তাঁর থেকে অতিরিক্ত কর আদায় করে। কারণ ছাদের একটা অংশ তাঁর ব্যক্তিগত মালিকানায় ছিল। তবে ২০০৯ সালের আইনে বলা হয়েছে, ''যে কোনও আবাসনের সর্বোচ্চ তলায় প্রত্যেকটি ছাদে একটি সাধারণ প্রবেশাধিকার থাকবে। আর তার কোনও উপবিভাগ করা হবে না।'' অন্যদিকে পাইকপাড়ার রাজা মণীন্দ্র রোডের বাসিন্দা মেয়রকে ফোন করে জানান, সেল ডিড অনুযায়ী ছাদের উপর তাঁর অধিকার আছে। আর সেটা উল্লেখ করা রয়েছে। কিন্তু তারপরও তাঁকে সমস্যার মধ্যে পড়তে হচ্ছে। এই কথা শুনে ফিরহাদ হাকিম ওই ব্যক্তিকে থানায় অভিযোগ করতে বলেন। আর তাঁর পক্ষ থেকে ব্যবস্থা নেওয়ার প্রতিশ্রুতি দেন। ওই ফোন কলের পর মেয়র পুরসভার বিল্ডিং বিভাগের চিফ ইঞ্জিনিয়রকে ছাদের অধিকার সবার জন্য বলে এখন থেকে বিল্ডিং পারমিটে উল্লেখ করার নির্দেশ দেন। মেয়র ফিরহাদ হাকিম বলেন, ''অনুগ্রহ করে বিল্ডিং পারমিটে এই কথাটি উল্লেখ করুন যে ছাদের অধিকার সবার এবং প্রত্যেকেরই সেগুলি ব্যবহার করতে পারা উচিত।'' এছাড়া শহরের বুকে এমন অভিযোগ বারবার উঠেছে। এমনকী আইন আদালতে গেলে সময় কেটে যাচ্ছে। কিন্তু অধিকার মিলছে না। এই সমস্ত অভিযোগ মেয়রের কানে পৌঁছেছে।

তারপরই গোটা বিষয়টি নিয়ে মেয়র ফিরহাদ হাকিম বলেন, ''কোনও একটি ফ্ল্যাটের মালিককে একটি টেরেসের মালিকানা দেওয়া হলে অগ্নিকাণ্ড বা জরুরি পরিস্থিতিতে মানুষকে উদ্ধার করার ক্ষেত্রে সমস্যা তৈরি করতে পারে। ২০১০ সালে পার্ক স্ট্রিটের স্টিফেন কোর্টে আগুন লাগে। ছাদে যাওয়ার সিঁড়িতে বেশ কয়েকজনকে মৃত অবস্থায় পাওয়া যায়। ছাদের প্রবেশ পথ তালাবদ্ধ থাকায় তাঁরা ছাদে উঠতে পারেননি।''

আগামী বছরের মাধ্যমিকের দিন ঘোষণা, ১৪ ফেব্রুয়ারি থেকে শুরু পরীক্ষা

দুরন্ত বার্তা, কলকাতা, ১২ ফেব্রুয়ারিঃ আগামী বছরের মাধ্যমিক পরীক্ষার দিনক্ষণ ঘোষণা। সোমবার সাংবাদিকদের মুখোমুখি হন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। জানান, আগামী বছর ১৪ ফেব্রুয়ারি থেকে মাধ্যমিক পরীক্ষা শুরু হবে। শেষ হবে ২৪ ফেব্রুয়ারি। পরীক্ষা হবে ১৪ ফেব্রুয়ারি, ১৫ ফেব্রুয়ারি, ১৭ ফেব্রুয়ারি, ১৮ ফেব্রুয়ারি, ১৯ ফেব্রুয়ারি, ২০ ফেব্রুয়ারি, ২২ ফেব্রুয়ারি ও ২৪ ফেব্রুয়ারি। চলতি বছরের মাধ্যমিক শুরু হয় ২ ফেব্রুয়ারি থেকে। ১২ ফেব্রুয়ারি পরীক্ষা শেষ হয়। এদিন ব্রাত্য বসু জানান, ''এবারের মাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা গতবারের তুলনায় বেড়েছে। জানান, সারা রাজ্যে সুষ্ঠুভাবেই পরীক্ষা হয়েছে। শিক্ষামন্ত্রীর কথায়, প্রত্যেকবার মোবাইলে প্রশ্ন বেরিয়ে যেত। আমরা এবার পরীক্ষার আগে ২০টা বৈঠক করেছি। বাইরের কিছু গ্যাং এটা করাচ্ছিল। আমরা অনেক আলোচনা করে প্রশ্নে কিউআর কোড দিয়েছিলাম। এবার প্রত্যেকে যারা ছবি তুলেছিল তাদের ধরা গিয়েছে।'' একইসঙ্গে শিক্ষামন্ত্রীর কথায়, এবার মোট ৩৬ জনের পরীক্ষা বাতিল হয়েছে। দু'টো জেলা থেকে একটা গ্যাং অপারেট করছিল বলেও জানান তিনি। ব্রাত্যর কথায়, ''জামতাড়া গ্যাংয়ের মতো একটা গ্যাং কাজ করেছে। মোট ৩৭টি মোবাইল ফোন বাজেয়াপ্ত করা হয়েছে।''

'এটা সন্দেশখালি নয়, আদালত', বিচারকের ভর্ৎসনার মুখে সন্দেশখালি থানার পুলিশ

দুরন্ত বার্তা, বসিরহাট, ১২ ফেব্রুয়ারিঃ সোমবারও শুনানি হল না নিরাপদ সর্দারদের। নথি দিতে না পারায় পর পর দু'দিন বসিরহাট আদালতে শুনানি হল না নিরাপদ সর্দার, উত্তম সর্দার, বিকাশ সিংদের। সন্দেশখালি থানার তদন্তকারী আধিকারিককে এদিন ভর্ৎসনা করেন বসিরহাট আদালতের বিচারক। 'অপদার্থের মত কাজ' বলে ভর্ৎসনা করেন বিচারক। বলেন, ''বেআইনিভাবে পেশ করা হচ্ছে অভিযুক্তদের। এটা সন্দেশখালি নয়, আদালত।'' সন্দেশখালির পারদ তো চড়েই আছে। শাসকদলের বিরুদ্ধে একাধিক অভিযোগ করছেন এলাকার বাসিন্দারা। আর এই পরিস্থিতিতে বেশ কয়েকজনকে গ্রেফতারও করেছে পুলিশ। তাঁদের মধ্যে রয়েছেন প্রাক্তন সিপিএম বিধায়ক নিরাপদ সরকার, তৃণমূলের সাসপেন্ডেড নেতা উত্তম সর্দার (এতদিন শাসকদলের দাপুটে নেতা হিসাবেই পরিচিত ছিলেন সন্দেশখালিতে), বিজেপি নেতা বিকাশ সিং। রবিবার নিরাপদ সর্দারদের বসিরহাট আদালতে তোলার কথা ছিল। সেইমতো ধৃতদের আদালতে নিয়েও আসা হয়। কিন্তু কোর্ট লকআপে বসিয়ে রাখতে হয়। কারণ, আদালতে পুলিশ প্রয়োজনীয় নথি নিয়ে আসতে পারেনি গতকাল। সেই একই ঘটনা ঘটল সোমবারও। আদালতে পেশ করার যথাযথ নথি পুলিশ না দিতে পারায় এদিনও সম্পূর্ণ হল না সন্দেশখালির শুনানি। আইনজীবীদের তরফে রবিবারের ঘটনার রেশ টেনে দৃষ্টি আকর্ষণ করা হয় বিচারকের। তাতে সন্দেশখালি থানার তদন্তকারী আধিকারিকদের উপর ক্ষুব্ধ হন বিচারক। ধৃতদের আদালতে পেশ করা নিয়ে আইনজীবীদের পুলিশের বিরুদ্ধে যে অভিযোগ ছিল, তার পরিপ্রেক্ষিতে শোকজ করা হয় সন্দেশখালি থানার তদন্তকারী আধিকারিককে। সোমবারও শুনানি স্থগিত রাখা হয়। বিচারক পুলিশকে নির্দেশ দেন, আজকের মধ্যেই সন্দেশখালি সংক্রান্ত সমস্ত কেস ডায়েরি ও গ্রেফতারের যে কাগজপত্র তা জমা দিতে হবে আদালতে। তারপর সম্পূর্ণ শুনানি হবে।

সন্দেশখালি থেকে সোজা দিল্লি গেলেন রাজ্যপাল, বড় কিছু হতে চলেছে এবার?

শিউরে ওঠার মতো ঘটনা ঘটেছে রাজ্যপাল

দুরন্ত বার্তা, কলকাতা, ১২ ফেব্রুয়ারিঃ সন্দেশখালি থেকে ফিরে সোজা দিল্লির পথে রাজ্যপাল সিভি আনন্দ বোস। এদিন রাজ্যপালকে দেখে কান্নায় ভেঙে পড়েন সন্দেশখালির মহিলারা। তাঁরা পুলিশি নিরাপত্তায় নিরাপদ বোধ করছেন না এমন দাবিও করেন। এমনকী কেন্দ্রীয়বাহিনীর নিরাপত্তায় তাঁদের রাখা হোক, এমন দাবিসম্বলিত ব্যানারও দেখা যায়। সূত্রের খবর, সন্দেশখালিসংক্রান্ত রিপোর্ট দিল্লিতে স্বরাষ্ট্রমন্ত্রকে জানাতে চলেছেন তিনি। সোমবারই সকালে কোচি থেকে কলকাতা ফেরেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। সেখান থেকে সন্দেশখালি। দিনভর সেখানে থেকে দিল্লির বিমান ধরেন আজই। সূত্রের খবর, দিল্লি যাওয়ার কোনও কর্মসূচি আগে থেকে তাঁর ছিল না। কিন্তু সন্দেশখালি পরিদর্শনের পর তিনি ঠিক করেন দিল্লি যাবেন। তাহলে কি এখানকার যাবতীয় পরিদর্শন সংক্রান্ত রিপোর্ট এবার কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে দেবেন রাজ্যপাল? উঠছে এমনই প্রশ্ন। সোমবার সন্দেশখালির মানুষের সঙ্গে কথা বলে রাজ্যপাল যখন সাংবাদিকদের মুখোমুখি হন, তাঁকে প্রশ্ন করা হয়েছিল তিনি কি সন্দেশখালি সংক্রান্ত রিপোর্ট দিল্লিতে জানাবেন? রাজ্যপাল উত্তরে শুধু বলেছিলেন, ''আমি এই সংক্রান্ত বিষয়ে নির্দিষ্ট জায়গায় যা বলার বলব।'' আচমকা তাঁর এই দিল্লি সফর ঘিরে প্রশ্ন উঠছে, তবে কি এই দিল্লি সফর যথার্থ জায়গায় বলার জন্যই? এদিন উত্তপ্ত পরিস্থিতি সরেজমিনে দেখতে বিমানবন্দর থেকে সোজা সন্দেশখালির উদ্দেশে রওনা দেন আনন্দ বোস। রাজ্যপালকে কাছে পেতেই এলাকার দাপুটে নেতা শেখ শাহজাহান ও তাঁর ঘনিষ্ঠ শিবপ্রসাদ হাজরাকে দ্রুত গ্রেফতারের দাবি জানান গ্রামের মহিলারা। এক এক করে রাজ্যপালের কাছে এসে তাঁরা নিজেদের অভিযোগের কথা বলেন বোসকে। কেউ বলেন, দিনের পর দিন কীভাবে তাঁদের উপর অত্যাচার হয়েছে, সেই অভিজ্ঞতার কথা।

আবার অনেকে অঝোরে শুধুই কেঁদে চলেন। 'অভিভাবক'-এর মতো তাঁদের সকলের বক্তব্য শোনেন রাজ্যপাল। সঙ্গে আশ্বাসের সুরে বলেন, ''কথা দিচ্ছি, যাঁরা জড়িত, তাঁদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ করা হবে। আমার যা ক্ষমতা আছে, তা দিয়েই আমি ব্যবস্থা নেব।'' এরপর বিকেল ৩টে নাগাদ সাংবাদিকদের মুখোমুখি হন বোস। প্রায় কয়েক ঘণ্টা সন্দেশখালির মানুষের সঙ্গে কথা বলার পর তিনি জানান, ''আমি এমন কিছু শুননাম, যা কখনও শুনিনি। শিউরে ওঠার মতো ঘটনা ঘটেছে। চোখের জল বাধ মানে না। রবীন্দ্রনাথের জায়গায় এমন হতে পারে ভাবতেও পারছি না। সংবিধানে আওতায় আমার যেটুকু ক্ষমতা নিশ্চয়ই সাহায্য করব।'' এদিন সন্দেশখালি যাওয়ার পথে জায়গায় জায়গায় তুমুল বিক্ষোভের মুখে পড়েছিলেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। বাসন্তী হাইওয়ে ধরে যাওয়ার পথে রাজবাড়ি, সরবেড়িয়া, আকুঞ্জি পাড়া, মিনাখা-সহ একাধিক জায়গায় তৃণমূল কংগ্রেসের নেতা কর্মীরা প্ল্যাকার্ড হাতে নিয়ে দাঁড়িয়ে পড়েন। কিন্তু রাজ্যপালের সঙ্গে দেখা করার জন্য সন্দেশখালিতে অধীর আগ্রহে ছিলেন গ্রামের মহিলারা। বোসকে কাছে পেয়ে দীর্ঘদিনের ক্ষোভ উগড়ে দেন তাঁরা। শাড়ির আঁচল দিয়ে চোখের জল মুছতে মুছতে নিজেদের অভিযোগের কথা বলেন। গত ৫ জানুয়ারি থেকে শিরোনামে উত্তর ২৪ পরগনার বসিরহাটের সন্দেশখালি। সেখানকার দাপুটে তৃণমূল নেতা শেখ শাহজাহানকে খুঁজতে গিয়ে হামলার মুখে পড়ে ইডির আধিকারিকরা। তারপর থেকে এখনও বেপাত্তা শেখ শাহজাহান। আর সেই ঘটনার রেশ কাটতে না কাটতেই শাহজাহান ঘনিষ্ঠ শিবপ্রসাদ হাজরা এবং উত্তম সর্দারের বিরুদ্ধে ক্ষোভে ফুঁসছে গ্রামাবাসীরা। অশান্তির আগুন এখন যেন দাবানলে পরিণত হয়েছে। গত শুক্রবার নতুন করে উত্তপ্ত হয়ে ওঠে সন্দেশখালি। ওইদিন রাস্তায় নেমে বিক্ষোভ দেখাতে থাকেন কয়েকশো মহিলা। সন্দেশখালি থানা ঘেরাও করেন তাঁরা। এরপরই শনিবার থেকে কড়া হাতে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ময়দানে নামে প্রশাসন।

ধর্মতলায় আপার প্রাইমারি চাকরিপ্রার্থীদের জমায়েত, রাজপথে শুয়ে বিক্ষোভ

দুরন্ত বার্তা, কলকাতা, ১২ ফেব্রুয়ারিঃ চাকরিপ্রার্থীরা মানববন্ধন করে দাঁড়িয়ে রয়েছেন ধর্মতলার রাজপথে। কেউ কেউ সেখানেই রাস্তায় শুয়ে পড়েছেন। তাঁদের কাতর প্রশ্ন, আর কত দিন নিয়োগের অপেক্ষায় তাঁরা থাকবেন? এ বার নিয়োগ চাই। এ ভাবেই সোমবার দুপুরে পশ্চিমবঙ্গ উচ্চ-প্রাথমিক চাকরিপ্রার্থী মঞ্চের আন্দোলনকারীদের বিক্ষোভ-অবস্থানে কিছু ক্ষণের জন্য অবরুদ্ধ হয়ে থাকল ডোরিনা ক্রসিং। মাতঙ্গিনী হাজরার পাদদেশ থেকে ধর্মতলা অবধি বিক্ষোভ মিছিল হয়েছে আজ। বিক্ষোভকারীরা হঠাৎ করেই ডোরিয়া ক্রসিংয়ের সামনে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখাতে শুরু করেন। কেউ কেউ রাস্তায় শুয়ে পড়েন। চাকরিপ্রার্থীদের অবস্থানের কারণে রাস্তা অবরুদ্ধ হয়ে পড়ে। যান চলাচল বন্ধ হয়ে যায়। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। সম্প্রতি সল্টলেকের করুণাময়ীতে স্কুল সার্ভিস কমিশনের অফিসে উচ্চ প্রাথমিকের কাউন্সেলিং শেষ হয়েছে। মেধা তালিকা প্রায় ১৩ হাজার জনের মধ্যে দু'দফায় কাউন্সেলিং হয়েছে আট হাজারের মতো। অপেক্ষমাণ প্রার্থীদের সংখ্যাও অনেক। চাকরিপ্রার্থীরা দাবি তোলেন, তাঁদের দ্রুত সুপারিশপত্র দিতে হবে। তার পরে দ্রুত নিয়োগপত্র দিতে হবে। পশ্চিমবঙ্গ আপার প্রাইমারি চাকরিপ্রার্থী মঞ্চের তরফে এদিন এই বিক্ষোভ মিছিল হয়েছে। বিক্ষোভকারীরা বলছেন, ২০১৪ সাল থেকে অপেক্ষা করছি আমরা। ১০ বছর হয়ে গেল। আর কত বছর আমাদের অপেক্ষা করতে হবে। চাকরির আশায় রাস্তায় বসে আছি আমরা। আমরা যোগ্য। আর কতদিন এভাবে বসে থাকব। কিছুতেই আমাদের নিয়োগপত্র দেওয়া হচ্ছে না।

মিঠুনকে হাসপাতালে দেখতে গেলেন দিলীপ ঘোষ

কলকাতা, ১২ ফেব্রুয়ারি ঃসোমবার সকালেই অভিনেতা মিঠুন চক্রবর্তীর শারীরিক অবস্থার খোঁজ নিলেন বিজেপি নেতা দিলীপ ঘোষ। প্রাতঃ ভ্রমণ শেষ করেতিনি সোজা পৌঁছে যান বেসরকারি হাসপাতালে যেখানে অভিনেতা চিকিৎসাধীন।দিলীপ ঘোষ তাকে একটি গোলাপ ফুল উপহার দিয়ে শারীরিক অবস্থার খোঁজখবর নিলেন। কিছুক্ষণ নিজেদের মধ্যে বার্তালাপ এর খুনসুটি চলে। তবে এদিন মিঠুনকে খোশমেজাজে দেখা গেলো। তাঁর শারীরিক অবস্থারও অনেকটা উন্নতি হযেছে জানা গিযেছে। চিকিৎসকরা আগেই জানিয়েছেন মিঠুন এখন স্থিতিশীল। আর এদিন সকালে সেই চেনা ছন্দেই তাঁকে দেখা গেলো হাসপাতালের কেবিনে।উল্লেখ্য, গত শনিবার সকাল ৯.৪০ নাগাদ তাঁকে কলকাতার বাইপাসের ধারে একটি হাসপাতালে ভর্তি করানো হয়। সেখানেই তিনি চিকিৎসাধীন আছেন। ইতিমধ্যেই তাঁর সঙ্গে রাজনৈতিক নেতারা ছাড়াও, দেবশ্রী রায়, দীপক অধিকারী, রাজ চক্রবর্তী, সহম সহ একগুচ্ছ অভিনয় জগতের কলা কুশলিরা দেখা করেন।

মালদা ব্যবসায়ী নাবালিকা কন্যা খুনের শুনানি

কলকাতা, ১২ ফেব্রুয়ারিঃসোমবার মালদায় ব্যবসায়ীর নাবালিকা কন্যা খুনের ঘটনায় অভিযুক্তকে ফের আদালতে তোলা হবে। ইতিমধ্যে ঘটনায় ব্যবহৃত অস্ত্র উদ্ধার করেছে পুলিশ। মালদায় ব্যবসায়ী কন্যা খুনের ঘটনায় বেশ কয়েক কয়েকদিন কেটে গিয়েছে। এরই মধ্যে অভিযুক্তকে গ্রেফতার করেছে ইংরেজবাজার থানার পুলিশ। অভিযুক্তের নাম শ্রীকান্ত কেসরী ওরফে সনু। আজ অভিযুক্তকে আবার মালদা জেলা আদালতে তোলা হবে। রযেছে টানটান উত্তেজনা।গত কয়েকদিন আগে নিশংসভাবে অপহরণ করে খুন করা হয় মালদার উত্তরের এক ব্যবসাযীর ১০ বছরের মেয়েকে। এই ঘটনাকে কেন্দ্র করে উত্তাল হয়ে ওঠে মালদার ইংরেজবাজার সহ গোটা মালদা জেলা।

জম্মু-কাশ্মীরের রামবানে অগ্নিকাণ্ডে মৃত ৩ শিশু

রামবান, ১২ ফেব্রুয়ারি ঃ জম্মু-কাশ্মীরের রামবান জেলায় একটি তিলতলা বাড়িতে আগুন লেগে ৩জন শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে। রবিবার রাতে এই দুর্ঘটনাটি ঘটেছে। সোমবার পুলিশ সূত্রে এই তথ্য জানা গিয়েছে।পুলিশ সোমবার আরও জানিয়েছে যে, রামবান জেলায় রবিবার রাতে তিনতলা একটি বাড়িতে আগুন লেগে বাড়িটি সম্পূর্ণ পুড়ে যায়। বাড়িটি পুরোপুরি ক্ষতিগ্রস্ত হয়। রামবান জেলার ডেপুটি কমিশনার বাসের উল হক চৌধুরি জানিয়েছেন, রামবান জেলার উখরাল ব্লকে অবস্থিত একটি তিনতলা বাড়িতে আগুন লেগে ৩জন শিশুর অকালে প্রাণ চলে যায়। অগ্নিকাণ্ডের পরপরই চিকিৎসকদের দল ঘটনাস্থলে পৌঁছয়। যদিও শেষরক্ষা করা সম্ভব হয়নি। ঘটনাটির তদন্ত শুরু করেছে পুলিশ।

আর্সেনালের গোলবন্যায় ভেসে গেল ওয়েস্ট হাম

লন্ডন, ১২ ফেব্রুয়ারিঃ ওয়েস্ট হাম রীতিমতো নাজেহাল আর্সেনালের কাছে। রবিবার রাতে লন্ডন স্টেডিয়ামে মিকেল আরতেতার দল গুনে গুনে ৬বার বল পাঠাল স্বাগতিকদের জালে। প্রথমার্ধেই ওয়েস্ট হামের জালে গানাররা ৪বার বল পাঠায়। বিরতির পর আরও ২ গোল।গোলগুলি করেন- উইলিয়াম সালিবা, বুকায়ো সাকা(২), গ্যাব্রিয়েল ম্যাগালহায়েস, লিয়ানদ্রো ট্রোসার্ড ও ডেকলান রাইস। এই জয়ে বর্তমান চ্যাম্পিয়ন ম্যানচেস্টার সিটির সমান ৫২ পয়েন্ট এখন আর্সেনালেরও। সিটিজেনরা অবশ্য একটি ম্যাচ কম খেলেছে। এই দুই দলের চেয়ে ২ পয়েন্ট এগিয়ে থেকে ইংলিশ প্রিমিয়ার লিগের শীর্ষে লিভারপুল।

নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য হবেই ভারত, জয়শংকরের

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ নিরাপত্তা পরিষদে স্থায়ী সদস্য হবেই ভারত, অস্ট্রেলিয়া সফরে গিয়ে বললেন বিদেশমন্ত্রী এস জয়শংকর (S Jaishankar)। বিদেশের মাটিতে প্রবাসী ভারতীয়দের সঙ্গে আলাপচারিতায় আত্মবিশ্বাসী বিদেশমন্ত্রী জানান, বিষয়টি একশো শতাংশ নিশ্চিত। তবে ওই প্রাপ্তি সহজ হবে না। যেহেতু একাধিক রাষ্ট্র চায় না নিরাপত্তা পরিষদে স্থায়ী সদস্য হোক ভারত।ভারত মহাসাগর সম্মেলনে যোগ দিতে দু'দিনের সফরে পারথ্ শহরে গিয়েছিলেন জয়শঙ্কর। সেখানে ভারতীয় সম্প্রদায়ের সঙ্গে আলাপচারিতায় তিনি জানান, ' ওখানে (স্থায়ী সদস্যপদে) পৌঁছব। আমি ১০০ শতাংশ নিশ্চিত সে ব্যাপারে। তবে এটাও বলতে চাই যে কাজটি খুব সহজ হবে না। দুনিয়া জোড়া প্রতিযোগিতা চলছে। অনেকেই আমাদের আটকাতে চাইবে। তারা স্থায়ী আসন পর্যন্ত পৌঁছনোর রাস্তাটাকে কঠিন করে তুলবে, বাধা দেবে। অনেক বিতর্ক সৃষ্টি করবে। তবে স্থায়ী সদস্যপদ পাওয়ার ব্যাপারে আজ আমি অনেকটাই আত্মবিশ্বাসী। পাঁচ বা দশ বছর আগে যতটা ছিলাম তার চেয়ে বেশিই।''কোভিডের টিকা তৈরির পর থেকেই মোদী সরকার নিজেদের ' অবস্থানে দেখাতে চাইছে। জি২০-র আয়োজনকেও এই ' প্রকল্পেরই আওতায় আনা হয়েছে বলে মনে করছে রাজনৈতিক শিবির। আসন্ন লোকসভা ভোটে বিষয়টি বিজেপি-কে সুবিধেজনক অবস্থানে নিয়ে যাবে বলেই দলীয় নেতৃত্বের বিশ্বাস। মোদীর দূত হিসেবে জয়শঙ্কর অস্ট্রেলিয়ার অনাবাসী ভারতীয়দের সামনে বলেন, ' গোটা বিশ্বে যখন ঘুরে বেড়াই প্রায়ই অনেকে আমাকে বলেন, আপনারা এমন অনেক কিছু বলতে পারেন যা আমরা পারি না। আমাদের অনেক বাধ্যবাধকতা রয়েছে।'' জয়শঙ্কর এটাই বোঝাতে চেয়েছেন যে ভারত বহু রাষ্ট্রের সম্মিলিত স্বার্থকেই বহন করছে আন্তর্জাতিক কূটনীতিতে। বিদেশমন্ত্রীর ব্যাখ্যা, ' ক্ষেত্রে সঙ্কট, সংস্কৃতি বা ঐতিহ্য সংরক্ষণের মতো সব ক্ষেত্রেই ভারত বিশ্বের আস্থা কুড়িয়েছে। অনেক রাষ্ট্রই চায় আমাদের রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদের স্থায়ী পদে দেখতে।''

'দিদি ও অভিষেক এমন প্রতিশ্রুতি দিয়েছেন যে',ঘাটাল থেকে আবার ভোট লড়তে নামছেন দেব

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ আসন্ন লোকসভা ভোটে তাঁর ঘাটাল থেকে প্রার্থী হওয়া নিয়ে যাবতীয় জল্পনার অবসান। তৃণমূল সাংসদ দেব নিজেই জানিয়ে দিলেন, লোকসভা ভোটে ঘাটাল থেকে তিনিই লড়বেন।এবার লোকসভা ভোটে না দাঁড়াতে চাওয়ার ইঙ্গিতও তিনি দিয়েছিলেন। কিন্তু, পরিস্থিতি বদলে গেল গত ২৪ ঘণ্টায়। প্রথমে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে বৈঠক। এরপর কালীঘাটে গিয়ে মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে সাক্ষাৎ। তৃণমূল সুপ্রিমো ও সেনাপতির সঙ্গে দেখা করার পরই কি মত বদলালেন টলিউডের ' রবিবার নিজেই কার্যত সেকথাই বুঝিয়ে দিলেন দেব। ঘাটাল মাস্টার প্ল্যান কার্যকর করা নিয়ে আশার কথাই তাঁকে আরও একবার নির্বাচনী ময়দানে দাঁড়াতে উদ্বুদ্ধ করছে বলে জানিয়ে দিলেন।২০১৪ সালে প্রথমবার ঘাটাল লোকসভা আসন থেকে প্রতিদ্বন্দ্বিতা করেন দেব। ঘাটালের ১০ বছরের সাংসদ তিনি। এবার তিনি প্রতিদ্বন্দ্বিতা করতে খুব একটা ইচ্ছুক ছিলেন না। শনিবার অভিষেকের সঙ্গে বৈঠক করেন দেব। বৈঠক শেষে যান কালীঘাট। মমতার সঙ্গে দেখা করেন। তৃণমূল সূত্রের খবর, তারপরই ঘাটালে ফের দাঁড়াতে সম্মত হন দেব।আর এদিন নিজেই প্রার্থী হওয়া নিয়ে কার্যত খোলসা করে দিলেন বলিউডের ' এদিন তিনি বলেন, দিদি ও অভিষেকে এমন একটা প্রস্তাব দিলেন। ঘাটালের মানুষের জন্য এমন প্রস্তাব দিলেন, যার জন্য আমি সারাজীবন অপেক্ষা করতে প্রস্তুত। এমন কিছু প্রমিস করা হল, ঘাটালের মানুষের ৭০ বছরের স্বপ্ন সত্যি হতে চলেছে। ঘাটাল মাস্টার প্ল্যান সত্যি হতে চলেছে। কেন্দ্রীয় সরকার যদি করে, খুব ভাল। বাকিটা দিদি ও অভিষেক বলবেন।শঙ্কর দলুই ঘাটাল সাংগঠনিক জেলার চেয়ারম্যানের পদ থেকে সরানো নিয়ে দেব বলেন, এটা নিয়ে আমার কিছু বলার নেই। দলের সিদ্ধান্ত। আমি বরং গতকাল বলেছিলাম, শঙ্কর দলুইয়ের কাছ থেকে আমি রাজনীতি শিখেছি। অত্যন্ত শ্রদ্ধেয় মানুষ।

সন্দেশখালি ইস্যুতে উত্তপ্ত বিধানসভা,হুইসেল বাজিয়ে বিধানসভা থেকে সাসপেন্ড শুভেন্দু-সহ বিজেপির ছয়

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ সন্দেশখালি ইস্যুতে উত্তপ্ত রাজ্য বিধানসভা। ' সন্দেশখালি সঙ্গে আছি' লেখা টি-শার্ট পরে অধিবেশন চলাকালীন বিধানসভায় অশান্তি বিজেপি বিধায়কদের। আর তার দায়ে শুভেন্দু অধিকারী-সহ সাসপেন্ড ৬ বিজেপি বিধায়ক। মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে স্পিকার সাসপেন্ড করেছেন বলেই দাবি রাজ্যের বিরোধী দলনেতার। সাসপেন্ড হওয়া ছয় বিজেপি বিধায়ক হলেন- শুভেন্দু অধিকারী, অগ্নিমিত্রা পাল, বঙ্কিম ঘোষ, তাপসী মন্ডল, মিহির গোস্বামী এবং শঙ্কর ঘোষ। চলতি বছরের রাজ্য বাজেট অধিবেশনে আর এক দিনও অংশ নিতে পারবেন না তাঁরা।সোমবার বাজেট অধিবেশনে ' সন্দেশখালি সঙ্গে আছি' লেখা টিশার্ট গায়ে দিয়ে বিধানসভার বাজেট অধিবেশনে ঢোকেন বিজেপি বিধায়করা। তাতে আপত্তি জানান স্পিকার। এর পরেই বিক্ষোভ শুরু করেন বিজেপি বিধায়করা। স্লোগান দেওয়ার পাশাপাশি হুইসেল বাজাতে শুরু করেন তাঁরা। এর পর বিধানসভা থেকে বিজেপি বিধায়করা ওয়াকআউট করেন।এর পরেই বিধানসভার মুখ্যসচেতক নির্মল ঘোষ বিজেপির পুরো পরিষদীয় দলকে সাসপেন্ড করার প্রস্তাব দেন। পরে পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় সেই প্রস্তাব সংশোধন করে শুভেন্দু-সহ ৬ জন বিধায়ককে সাসপেন্ড করার প্রস্তাব দেন। ওই ছ'জনের আচরণ নিয়ে প্রশ্ন তুললে সাসপেন্ড করেন স্পিকার।এই নিয়ে সরব হন বিজেপি বিধায়কেরা। শুভেন্দুর কথায়, ' স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী বিধানসভায় আসেন না। আজ পর্যন্ত বিজেপি বিধায়কদের স্বরাষ্ট্র দফতরের কোনও প্রশ্নের জবাব দেন না তিনি। বিধানসভায় সন্দেশখালি নিয়ে প্রশ্নের জবাবও দেননি। প্রশ্ন তুলে আমরা সাসপেন্ড হয়েছি। সন্দেশখালির মা বোনেদের সম্মান বাঁচাতে যদি এ ভাবে সাসপেন্ড করা হয়। তাহলে ভয় করব না, লড়াই করে যাব।''

পাকিস্তানকে ' বাঁচাতে হাত ধরলেন বিলাওয়াল-শাহবাজ, জোট গড়তে বৈঠক

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ জেলবিন্দ ইমরান খানের স্বপ্ন পূরণ হল না আর। পাকিস্তানে সরকার গড়ছেন শাহবাজ শরিফ ও বিলাওয়াল ভুট্টোর জোট সরকার। রবিবার সরকার গঠনের লক্ষ্যে বৈঠকে বসলেন পাকিস্তান পিপলস পার্টির চেয়ারম্যান বিলাওয়াল ভুট্টো জারদারি, পিপিপি প্রেসিডেন্ট আসিফ আলি জারদারি এবং পাকিস্তান মুসলিম লিগ-নওয়াজের প্রেসিডেন্ট শাহবাজ শরিফ। রাজনৈতিক অস্থিরতা থেকে পাকিস্তানকে রক্ষা করতেই দুই দল জোট বাধার সিদ্ধান্ত নিয়েছে বলে জানানো হয়েছে দুই দলের তরফে।২৬৫ আসনের পাকিস্তান ন্যাশনাল অ্যাসেম্বলিতে সংখ্যাগরিষ্ঠতা পেতে প্রয়োজন ১৩৩টি আসন। কিন্তু গণনার শেষে ১০১টি আসন জিতেছে ইমরান খানের দল পিটিআই ও তাদের সমর্থিত নির্দলরা। অন্যদিকে প্রাক্তন প্রধানমন্ত্রী নওয়াজ শরিফের (Nawaz Sharif) পিএমএল-এন ৭৩টি আসনে জয়লাভ করেছে। বিলাওয়াল ভুট্টোর দল পিপিপি ৫৪টি আসনে জিতেছে। কিন্তু এই দুই দল জোট বাঁধলেও ৬টি আসন কম পড়ছে। ফলে অন্যান্যদের সঙ্গে জোট বেঁধে সংখ্যাগরিষ্ঠতা পেতে মরিয়া দুই শিবিরই।এহেন পরিস্থিতিতে রবিবার বৈঠকে বসেন আসিফ আলি জারদারি , বিলাওয়াল ভুট্টো জারদারি ও শাহবাজ শরিফ । তিন নেতার বৈঠকের পরে ভুট্টোর দলের তরফে বিবৃতি দিয়ে জানানো হয়, দেশের সামগ্রিক অবস্থা নিয়ে আলোচনা হয়েছে নেতাদের মধ্যে। আগামী দিনে কীভাবে দুই দল একসঙ্গে কাজ করতে পারে, সেই নিয়েও কথা হয়েছে বিশদে। দেশকে স্থিতিশীল অবস্থায় ফেরাতে একত্রিত হয়ে কাজ করতে রাজি দুই দলের নেতৃত্বই।এই বিবৃতিতেই উঠে এসেছে পাকিস্তানকে ' প্রসঙ্গ। বলা হয়েছে, রাজনৈতিক সংকট থেকে পাকিস্তানকে বাঁচাতে হবে। দলীয় সদস্যদের বৈঠকে আলোচনা হয়েছে এই প্রসঙ্গে। দেশের অধিকাংশ মানুষ আমাদের আদেশ দিয়েছেন, তাঁদের নিরাশ করব না। তবে দুই দল জোট বাঁধলেও সংখ্যাগরিষ্ঠতা এখনও অধরাই। ফলে অন্যান্য জয়ী প্রার্থীদের সঙ্গে আলোচনা চালাচ্ছে ভুট্টোর দল। কিন্তু পিপিপি-পিএমএল(এন) জোটকে কারা সমর্থন দেবে, সেটা এখনও অনিশ্চিত।

চলতি মাসে বঙ্গ সফরে মায়াপুরে যাবেন শাহ,এ বার বাংলার কৃষ্ণভক্তদের আবেগ ছোঁবেন

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ লোকসভা নির্বাচনের আগে ফের বাংলামুখী শীর্ষ বিজেপি নেতৃত্ব। রাজ্যে আসছেন অমিত শাহ। তেমন কোনও বদল না ঘটলে আগামী ২৮ ফেব্রুয়ারি গভীর রাতে কলকাতায় পৌঁছনোর কথা তাঁর। পরদিনই তিনি যাবেন মায়াপুরের ইসকন মন্দিরে। এবার কৃষ্ণভক্তদের আবেগে ছুঁতেই কি ইসকনে যাবেন অমিত শাহ, ওয়াকিবহাল মহলে তা নিয়ে চর্চা তুঙ্গে।গোটা জানুয়ারি মাস ধরেই বিজেপি রামনামের উপরে ছিল। অযোধ্যায় মন্দির উদ্বোধনের পরেও সেই পর্ব চলছে। বাংলা থেকে বিজেপি কর্মী-সমর্থকেরা দলীয় উদ্যোগে অযোধ্যা যাচ্ছেন। তবে এখনও পর্যন্ত রামলালার প্রাণপ্রতিষ্ঠার পরে অযোধ্যা যাননি শাহ। তার আগেই বাংলায় এসে মায়াপুরে কৃষ্ণের মন্দির দর্শনে যাচ্ছেন তিনি। বিজেপি সূত্রে জানা গিয়েছে এখনও পর্যন্ত শাহের যা সূচি, তাতে ২৮ ফেব্রুয়ারি বেশি রাতে কলকাতায় চলে আসতে পারেন তিনি। রাত্রিবাস করে ২৯ তারিখ সকালেই চলে যাবেন মায়াপুরে। সেখানে মন্দির দর্শনের পরে রানাঘাট-সহ আশপাশের কয়েকটি লোকসভা এলাকার নেতৃত্বের সঙ্গে বৈঠকে বসবেন শাহ। সেই সময়ে রাজ্যে উচ্চমাধ্যমিক পরীক্ষা চলায় কোনও প্রকাশ্য সমাবেশ হবে না।এখনও পর্যন্ত যা জানা গিয়েছে তাতে, দুপুর ১২টা নাগাদ তাঁর ইস্কন মন্দিরে যাওয়ার কথা। এর পরে বৈঠক সেরে কলকাতায় ফিরেও কিছু কর্মসূচি থাকবে। তবে তা এখনও চূড়ান্ত হয়নি। রাজ্যের শীর্ষ নেতৃত্বের সঙ্গেও বৈঠকে বসতে পারেন। এ ব্যাপারে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, ' স্বরাষ্ট্রমন্ত্রীর সফর নিয়ে এত তাড়াতাড়ি নিশ্চিত হওয়া যায় না। ফেব্রুয়ারির শেষ দিনে তিনি বাংলায় থাকবেন বলে কথা দিয়েছেন। তবে কখন কোথায় কী কর্মসূচি হবে, তা এখনও চূড়ান্ত হয়নি।''শাহের ইস্কন সফর এই প্রথম নয়। গত বিধানসভা নির্বাচনের আগে ২০২১ সালের জানুয়ারি মাসের শেষেও মায়াপুরের এই মন্দিরে এসেছিলেন তিনি। অনেকটা সময় মন্দিরে কাটিয়েছিলেন। এর পরে ২০২৩ সালের জানুয়ারি মাসে ইস্কন মন্দিরে গিয়েছিলেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নড্ডা। আবার যাওয়ার কথা শাহের।নীলবাড়ির লড়াইয়ের আগে বাংলার ধর্মস্থান ছুঁয়ে প্রচারে নেমেছিলেন বিজেপির কেন্দ্রীয় নেতৃত্ব। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও বাংলার মতুয়া আবেগ ছুঁতে বাংলাদেশের গোপালগঞ্জের ওড়াকান্দি গিয়েছিলেন। মতুয়া ধর্মমতের প্রবক্তা হরিচাঁদ ঠাকুরের জন্ম ওড়াকান্দিতে। এ বার দিল্লিবাড়ির লড়াইয়ের আগে সেই পথেই হাঁটতে চলেছে বিজেপি। ডিসেম্বরের শেষ সপ্তাহের সফরে এসে শাহ ও নড্ডা সাংগঠনিক বৈঠক করলেও দিন শুরু করেছিলেন উত্তর কলকাতার মহাত্মা গান্ধী রোডের গুরুদ্বার এবং দক্ষিণে কালীঘাট মন্দিরে পুজো দেওয়ার মধ্য দিয়ে।

শ্রীলঙ্কা ও মরিশাসে ইউপিআই ও রূপে কার্ড পরিষেবার সূচনা, সাক্ষী থাকলেন প্রধানমন্ত্রী মোদী

নয়াদিল্লি, ১২ ফেব্রুয়ারিঃপ্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, শ্রীলঙ্কার রাষ্ট্রপতি রনিল বিক্রমসিংহে এবং মরিশাসের প্রধানমন্ত্রী প্রবীন্দ কুমার যুগনাথের উপস্থিতিতে সোমবার শ্রীলঙ্কা ও মরিশাসে ইউনিফায়েড় পেমেন্ট ইন্টারফেস (ইউপিআই) পরিষেবা এবং রূপে কার্ড পরিষেবার সূচনা হয়েছে। ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই অনুষ্ঠানে অংশ নেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, শ্রীলঙ্কার রাষ্ট্রপতি রনিল বিক্রমসিংহে এবং মরিশাসের প্রধানমন্ত্রী প্রবীন্দ কুমার যুগনাথ।ভার্চুয়ালি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে শ্রীলঙ্কায় একজন ভারতীয় নাগরিকের মাধ্যমে পরিচালিত হয় প্রথম ইউপিআই লেনদেন। আবার মরিশাসেও একজন ভারতীয় নাগরিকের দ্বারা পরিচালিত হয় প্রথম ইউপিআই লেনদেন। মরিশাসের প্রধানমন্ত্রী এদিন বলেছেন, এই মাইলফলক উপলক্ষে আপনাদের সকলের সঙ্গে যোগ দিতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। ভারত ও মরিশাসের মধ্যে শক্তিশালী সাংস্কৃতিক, বাণিজ্যিক এবং জনগণকেন্দ্রিক সংযোগ রয়েছে, যা শতাব্দী পুরানো। এখন আমরা এই সম্পর্কের আরও একটি মাত্রা দিচ্ছি।

চোপড়ায় মাটি চাপা পড়ে মৃত্যু চার শিশুর

চোপড়া, ১২ ফেব্রুয়ারি ঃউত্তর দিনাজপুরের চোপড়া থানার দাসপাড়া গ্রাম পঞ্চায়েতের চেতনাগছ এলাকায় মাটি চাপা পড়ে মৃত্যু হল চার শিশুর। সোমবার ঘটনাটি ঘটেছে।স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বাড়ির কাজের জন্য আর্থমুভার দিয়ে মাটি তুলে তা ট্রাকে করে নিয়ে আসা হচ্ছিল। সেই মাটি কোনওভাবে ওই শিশুদের ওপর পড়ে যায়। দ্রুত চার শিশুকে উদ্ধার করে স্থানীয় দলুয়া গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া

৯-বার শপথ নিয়ে ইতিহাস গড়ার জন্য নীতীশ কুমারকে ধন্যবাদঃতেজস্বী যাদব

পাটনা, ১২ ফেব্রুয়ারি ঃ নীতীশ কুমারকে বিদ্রুপ করেন আরজেডি নেতা তেজস্বী যাদব। সোমবার বিহার বিধানসভায় আস্থাভোট নিয়ে আলোচনা চলাকালীন তেজস্বী যাদব বলেছেন, বিহারের মানুষ জানতে চায়, আপনি কেন বার বার অবস্থান বদল করেন? এর পাশাপাশি খানিক বিদ্রুপের সুরেই আরজেডি নেতা বলেন, ন'বার শপথ (মুখ্যমন্ত্রী পদে) নিয়ে ইতিহাস গড়ার জন্য আমি নীতীশ কুমারকে ধন্যবাদ জানাতে চাই।ভারতরত্ন নিয়ে বিজেপিকে খোঁচা দিয়ে তেজস্বী বলেন, আমি খুশি যে কর্পূরী ঠাকুর (ভারতরত্ন) পেয়েছেন। তার পরই বিজেপিকে তোপ দেগে তিনি বলেন, তারা ভারতরত্নকে একটি চুক্তি বানিয়ে ফেলেছে। চুক্তিটি হল যদি আমার সঙ্গে থাকো, তবে তোমায় ভারতরত্ন দেব।

কেরলে আতশবাজির গুদামে ব্যাপক বিস্ফোরণে মৃত ১, আহত ১৬

কোচি, ১২ ফেব্রুয়ারি ঃ কেরলের ত্রিপুনিতুরার একটি আবাসিক এলাকায় আতশবাজি গুদামে ব্যাপক বিস্ফোরণে ১ জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন ১৬ জন। সোমবারের এই দুর্ঘটনার তথ্য জানিয়েছেন এক পুলিশ আধিকারিক।তিনি জানিয়েছেন যে, সোমবার ত্রিপুনিতুরার একটি আবাসিক এলাকায় একটি আতশবাজির কারখানায় বিস্ফোরণ ঘটে। এরফলে ১ জনের মৃত্যু হয়েছে এবং ১২ জন আহত হন। ১২ জনের মধ্যে ৪ জনের শারীরিক

১৩-১৪ ফেব্রুয়ারি সংযুক্ত আরব আমিরশাহী যাচ্ছেন প্রধানমন্ত্রী, একগুচ্ছ কর্মসূচি রয়েছে মোদীর

নয়াদিল্লি, ১২ ফেব্রুয়ারি ঃফের একবার সংযুক্ত আরব আমিরশাহী সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ১৩-১৪ ফেব্রুয়ারি সংযুক্ত আরব আমিরশাহী সফরে থাকবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ২০১৫ সাল থেকে সংযুক্ত আরব আমিরশাহিতে এটি হতে চলেছে প্রধানমন্ত্রী মোদীর সপ্তম সফর এবং বিগত ৮ মাসের মধ্যে তৃতীয় সফর।এই সফরে থাকাকালীন আবু ধাবিতে হিন্দু মন্দিরের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। পাশাপাশি আবু ধাবির জায়েদ স্পোর্টস সিটিতে প্রবাসী ভারতীয়দের উদ্দেশ্যে বক্তব্য রাখবেন প্রধানমন্ত্রী। সফরের সময়ে প্রধানমন্ত্রী মোদী সংযুক্ত আরব আমিরশাহির প্রেসিডেন্ট শেখ মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ানের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। কৌশলগত অংশীদারিত্বকে আরও সুদৃঢ়, সম্প্রসারণ ও শক্তিশালী করার উপায় নিয়ে আলোচনা করবেন তাঁরা এবং পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও আন্তর্জাতিক ইস্যুতে মত বিনিময় করবেন। প্রধানমন্ত্রী সংযুক্ত আরব আমিরশাহির ভাইস প্রেসিডেন্ট, প্রধানমন্ত্রী ও প্রতিরক্ষামন্ত্রী শেখ মোহাম্মদ বিন রশিদ আল মাকতুমের সঙ্গেও বৈঠক করবেন। প্রধানমন্ত্রী তাঁর আমন্ত্রণে দুবাইতে অনুষ্ঠিতব্য বিশ্ব গভর্নমেন্ট সামিট ২০২৪-এ সম্মানিত অতিথি হিসেবে অংশগ্রহণ করবেন এবং শীর্ষ সম্মেলনে বক্তব্যও রাখবেন।

বিজ্ঞানে মহিলাদের অংশগ্রহণের আন্তর্জাতিক দিবস উদযাপন মধ্যপ্রদেশে

ভোপাল, ১২ ফেব্রুয়ারি ঃ মধ্যপ্রদেশে বিজ্ঞানে মহিলাদের অংশগ্রহণের আন্তর্জাতিক দিবস সোমবার পালিত হবে। ভোপালের কুশাভাউ ঠাকরে ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারে সোমবার দুপুর ১টায় আয়োজিত এই অনুষ্ঠানে ভাষণ দেবেন মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী মোহন যাদব। এই অনুষ্ঠানে এসটিইএম (বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল, গণিত) ক্ষেত্রে দক্ষ মহিলাদের সম্মানিত করা হবে। সেইসঙ্গে কর্মসংস্থান মেলায় নির্বাচিত মহিলা প্রার্থীদের অফার লেটার বিতরণ করা হবে।এই তথ্য সোমবার জনসংযোগ আধিকারিক রাজেশ পান্ডে জানিযেছেন। তিনি আরও জানিয়েছেন যে, এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন, মধ্যপ্রদেশের কারিগরি শিক্ষা, উচ্চশিক্ষা ও আয়ুষ মন্ত্রী ইন্দর সিং পারমার এবং দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের প্রতিমন্ত্রী (স্বাধীন দাযিত্ব) গৌতম টেটওয়াল।

অযোধ্যাধামে যাবেন কেজরিওয়াল এবং ভগবন্ত মান

দিল্লি, ১২ ফেব্রুয়ারি ঃদিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল এবং পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান সোমবার নবনির্মিত রাম মন্দিরে প্রণাম জানাতে অযোধ্যা যাবেন। এএপি সূত্র এই তথ্য জানিযেছে।আম আদমি পার্টির প্রধানকে ২২ জানুয়ারী মন্দিরের উদ্বোধন এবং রামলালার প্রাণপ্রতিষ্ঠা উপলক্ষ্যে আমন্ত্রণ জানানো হয়েছিল কিন্তু তিনি বলেছিলেন যে তিনি পরে তার পরিবারের সঙ্গে মন্দিরে যেতে চান। সোমবার কেজরিওয়াল এবং মান অযোধ্যায় রামলালার দর্শনের উদ্দেশ্যে যাবেন। তাঁদের সঙ্গে তাদের পরিবারের সদস্যরাও এদিন অযোধ্যায় যাবেন। এএপি দলের সূত্রে এই তথ্যই জানা গিয়েছে।

ইংলিশ প্রিমিয়ার লিগঃম্যানচেস্টার ইউনাইটেডের রোমাঞ্চকর জয়

ম্যানচেস্টার, ১২ ফেব্রুয়ারিঃ প্রিমিয়ার লিগে টানা পঞ্চম ম্যাচে আবারও জ্বলে উঠলেন গাসমুস হয়লুন। দেখা পেলেন গোলের। তারপরও পয়েন্ট হারানোর শঙ্কায় পড়েছিল ম্যান ইউনাইটেড। শেষ দিকে বদলি নেমে দলের ত্রাতা হলেন স্কট ম্যাকটমিনে। তাঁর গোলে রোমাঞ্চকর জয় পেল এরিক টেন হাগের দল। ভিলা পার্কে রবিবার রাতে প্রিমিয়ার লিগের জমজমাট ম্যাচে ২-১ গোলে নাটকীয় জয় পেল ম্যানচেস্টার ইউনাইটেড অ্যাস্টন ভিলার বিরুদ্ধে।প্রথমার্ধের শুরুতেই হয়লুন ইউনাইটেডকে এগিয়ে দেন। এরপর দ্বিতীয়ার্ধে সমতা ফেরান দগলাস লুইস। নির্ধারিত সময়ের ৪ মিনিট আগে ব্যবধান গড়ে দেওয়া গোলটি করেন ম্যাকটমিনে। গত নভেম্বরের পর প্রথমবারের মতো প্রিমিয়ার লিগে টানা তিন ম্যাচ জিতল ইউনাইটেড। ২৪ ম্যাচে ১৩ জয় ও ২ ড্রয়ে ৪১ পয়েন্ট নিয়ে ৬ নম্বরে আছে ম্যানচেস্টার ইউনাইটেড। সমান ম্যাচে ৪৬ পয়েন্ট নিয়ে পাঁচে আছে অ্যাস্টন ভিলা।

সন্দেশখালি যাওয়ার পথে বাধা পেল রাজ্যপালের কনভয়, পরিস্থিতি আয়ত্তে আনল পুলিশ

কলকাতা, ১২ ফেব্রুয়ারি ঃ রাজ্যপাল সন্দেশখালি যাওয়ার পথে বাসন্তী হাইওয়েতে রাজবাড়ী, সরবেড়িয়া, আকুঞ্জি পাড়া, মিনাখা-সহ একাধিক জায়গায় স্থানীয় তৃণমূল কংগ্রেসের নেতা-কর্মীরা প্লাকার্ড হাতে নিয়ে দাঁড়িয়ে পড়েন। মিনাখার বামণপুকুরে রাজ্যপাল সিভি আনন্দ বোসকে দেখা মাত্রই বিক্ষোভ প্রদর্শন করা হয়, আটকে দেওয়া হয় কনভয়।প্ল্যাকার্ডে লেখা ১০০ দিনের বকেয়া কাজের টাকা, আবাস যোজনার বক্যো টাকা, রান্নার গ্যাসের মূল্য বৃদ্ধি সহ একাধিক বিষয়। অবরোধ বিক্ষোভে বাসন্তী হাইওয়েতে রাজ্যপালের কনভয় বেশ কিছুক্ষণ আটকে পড়ে। যদিও তক্ষণা পরিস্থিতির নিযন্ত্রণে আনার চেষ্টা করে পুলিশ প্রশাসন। বিক্ষোভরত তৃণমূল কর্মী সমর্থকদের হটিয়ে দিয়ে রাজ্যপাল সি ভি আনন্দ বোসের কোনভয়কে যাওয়ার রাস্তা করে দেওয়া হয়।

অলিম্পিকের টিকিট পেল আর্জেন্টিনা

ভনেজুয়েলা, ১২ ফেব্রুয়ারিঃ প্রি- অলিম্পিক ম্যাচে ব্রাজিলকে ১-০ গোলে হারিয়ে আসন্ন প্যারিস অলিম্পিকের টিকিট পেল আর্জেন্টিনা।কথাই ছিল ব্রাজিলকে হারাতে পারলেই অলিম্পিকের টিকিট পাবে আর্জেন্টিনা। সেটাই করেছে আর্জেন্টিনা। চীর প্রতিদ্বন্দ্বী ব্রাজিলের বিরুদ্ধে পুরো ম্যাচে দাপট দেখিয়েছে আর্জেন্টিনা। তবে প্রথমার্ধে গোল করতে পারেনি

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,১৩ফেব্রুয়ারি ঃ মঙ্গলবার, ২৯মাঘ মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ২৯ফেব্রুয়ারিঃ ২০২৩, ৫৩৬ চৈত৪নাব্দ, কলিঃ ৫১২৩, সৌরঃ২৯মাঘ মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ২৯মাঘ মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ২৯মাঘ মাস ১৯৪৪, মৈতৈঃ১৪ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপূর্ণাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ২৮.৩ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ১৯.০২ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯২শতকরা এবং ৪১শতকরা। বৃষ্টি হয়নি সোমবার । জোয়ার-সকাল ৫টা ২১ মিনিট এবং রাত৭টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৫টা ২০মিনিট। রাত-৯টে ২১ মিনিট। সূর্য উদয় আজঃ ৬ টা ১৫মনিটে এবং সূর্য অস্ত যাবে ঃ ৫ টা ১৫ মিনিটে।

রাশিফল

মেষরাশিঃমদ্যপানের অভ্যাস থেকে মুক্তি পাওয়ার পক্ষে এটি একটি অত্যন্ত শুভ দিন। শুভ

বৃষভ রাশিঃআপনার খাবার সম্পর্কে সঠিক যত্ন নিন, বিশেষ করে মাইগ্রেনের রোগীরা, যাঁদের খাওয়া বাদ দেওয়া উচিত নয় ।

মিথুন রাশিঃস্ত্রীর ব্যাপারে অযথা নাক গলাবেন না- তাতে স্ত্রী রুষ্ট হবে। এর থেকে বরং নিজের দিকে নজর দিন। কিছু জিনিসে হস্তক্ষেপ করা যেতে পারে নাহলে নির্ভরশীলতা এসে যাবে। শুভ

কর্কট রাশিঃআজ কল্যাণকর দিন এবং আপনি হয়তো একটি দীর্ঘমেয়াদী অসুস্থতা থেকে মুক্তি পেতে পারেন। শুভ

সিংহরাশিঃসংসারে শান্তি হতে পারে। বিবাহের যোগ হতে পারে

কন্যারাশিঃবিদেশ যাত্রা শুভ। সন্তান হতে পারে আজকের দিনে

তুলারাশিঃস্বাস্থ্যের দিক থেকে এটি অত্যন্ত ভালো দিন। শুভদিন

বৃশ্চিক রাশিঃ আপনি আপনার শারীরিক মনোবল বজায় রাখার জন্য খেলাধুলায় আপনার সময় ব্যয় করুন। সংসারে শান্তি হবে

ধনু রাশিঃ আপনার ঈর্ষাপরায়ণ ব্যবহার আপনাকে দুঃখিত এবং অবসাদগ্রস্থ করতে পারে। আর্থিক সীমাবদ্ধতা এড়াতে আপনার বাজেটে আটকে থাকুন। শুভদিন

মকর রাশিঃবন্ধুরা সহায়ক হবে এবং আপনাকে খুশি রাখবে। আপনি আজ আপনার অর্থ সঙ্গীর খারাপ স্বাস্থ্যের জন্য ব্যয় করতে

কুম্ভ রাশিঃকটি খুশির দিনে মানসিক উত্তেজনা এবং চাপ এড়িয়ে চলুন। এটি আরেকটি উচ্চ-শক্তিসম্পন্ন দিন এবং অপ্রত্যাশিত লাভ আগে থেকেই দেখা যাচ্ছে। শুভদিন।

মীন রাশিঃঅত্যন্ত প্রভাবশালী ব্যক্তিদের সমর্থন আপনার সাহসকে এক বড় উসাহদান করবে। আজ ঘনিষ্ঠ বন্ধুর সহায়তায় কিছু ব্যবসায়ী আর্থিক লাভের সম্ভাবনা রয়েছে। এই অর্থ আপনার অনেক ঝামেলা কাটিয়ে উঠতে পারে। এই মূহূর্তে বাচ্চা আর পরিবার আপনার প্রধান লক্ষ্য। আপনার প্রিয়জন ঘৃণা

কুলতলিতে আবার বাঘের আক্রমনে মৃত্যু এক মৎস্যজীবির, এলাকায় শোকের ছায়া

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, কুলতলি, ১২ ফেব্রুয়ারিঃ সুন্দরবনে বাঘের আক্রমনে মৃত্যু মিছিল অব্যাহত। আবারও বাঘের আক্রমনে মৃত্যু হল এক মৎস্যজীবির। মৃতের নাম শ্রীদাম হালদার (৪৬)। মৃত মৎস্যজীবির বাড়ি কুলতলি থানার গোপালগঞ্জ পঞ্চায়েতের গায়েনের চক গ্রামে।স্থানীয় সুত্রে জানা গিয়েছে,কুলতলির গোপালগঞ্জ পঞ্চায়েতের গায়েনের চকের বাসিন্দা মৎস্যজীবি শ্রীদাম হালদার বিশ্বজিত জানা,হাসান মোল্লা প্রদীপ সরখেলের নৌকা নিয়ে গত ৭ ই ফেব্রুয়ারী কুলতলি থেকে সুন্দরবন জঙ্গলের নদী খাঁড়িতে মাছ কাঁকড়া ধরতে গিয়েছিলেন।গত প্রায় ৬ দিন ধরে তারা সুন্দরবনের বিভিন্ন নদীখাঁড়িতে মাছ কাঁকড়া ধরছিলেন।সোমবার ভোর ৬ টা নাগাদ সুন্দরবনের নদীখাঁড়িতে মাছ কাঁকড়া ধরছিলেন। সেই সময় সুন্দরবনের গভীর জঙ্গল থেকে একটি বাঘ শ্রীদাম হালদারকে টার্গেট করতে থাকে। এদিকে চার মৎস্যজীবি আনমনে নদীতে কাঁকড়া ধরার দ্রোণ ফেলতে ব্যস্ত।আচমকা সুন্দরবন জঙ্গল থেকে দ্রুত গতিতে বাঘ বেরিয়ে আসে। মুহূর্তে সকলের অলক্ষ্যে ঝাঁপিয়ে পড়ে শ্রীদামের ঘাড়ে। ঘাড় মটকে তাকে টানতে টানতে গভীর জঙ্গলে নিয়ে যাওয়ার চেষ্টা করে। বাঘ তার শিকার নিয়ে একটু গভীর জঙ্গলের দিকে যেতেই শ্রীদামের সঙ্গীরা বাঘের কবল থেকে শ্রীদাম কে উদ্ধার করতে এগিয়ে যায়। গাছের ডাল ভেঙে বাঘের পিছু নিয়ে তাড়া করে তাঁরা। বাঘ তাঁর শিকার ছাড়তে নারাজ। রুদ্রমূর্তি ধরে বাঘ মৎস্যজীবিদের সামনে রুখে দাঁড়ায়।দীর্ঘ প্রায় ঘন্টাখানেক চলে বাঘে মানুষের লড়াই। অবশেষে মৎস্যজীবির প্রতিরোধের মুখে পড়ে বাঘ শিকার ছেড়ে গর্জন করতে করতে পিছু হটতে থাকে। পরিস্থিতি বেগতিক বুঝে এক সময় বাঘ ভয় পেয়ে দৌড়ে সুন্দরবনে গভীর জঙ্গলে পালিয়ে যায়। আর শ্রীদামের সঙ্গী মৎস্যজীবিরা বাঘের কবল থেকে সঙ্গীকে উদ্ধার করে নৌকায় তোলেন। ততক্ষণে অতিরিক্ত রক্তক্ষরনের ফলে মৃত্যুর কোলে ঢলে পড়ে ওই মৎস্যজীবি। সোমবার বেলায় মৃত মৎস্যজীবির দেহ নিয়ে ফেরে সঙ্গী সাথীরা।মঙ্গলবার মৃতদেহটি ময়না তদন্তে পাঠানো হবে বলে পুলিশ সুত্রের খবর। অন্যদিকে মৃত মৎস্যজীবির বাড়িতে ৭০ বছরের বৃদ্ধ মা, স্ত্রী ১০ বছরের প্রতিবন্ধী এক মেয়ে ও ৭ বছরের এক মেয়ে সহ চার কন্যাসন্তান আছে ।আচমকা এই দুর্ঘটনার কথা শুনে শোকে কান্নায় ভেঙে পড়ে পরিবারের সকলেই। এমন মর্মান্তিক ঘটনায় হালদার পরিবার সহ সমগ্র গায়েনের চক এলাকায় নেমে এসেছে শোকের ছায়া।

বন দফতর সুত্রে জানা গিয়েছে, সুন্দরবন জঙ্গলে বাঘের আক্রমণে এক মৎস্যজীবির মৃত্যু হয়েছে। মৃতদেহ ময়না তদন্তের জন্য পাঠানো হবে। আর মৃত মৎস্যজীবির পরিবারের হাতে দ্রুত সরকারি ক্ষতি পূরণের টাকা তুলে দেওয়ার দাবি জানালেন এপিডিআর সংগঠনের দক্ষিন ২৪ পরগনা জেলার সহ সম্পাদক মিঠুন মন্ডল। তিনি সোমবার বলেন, বারবার একই ঘটনা ঘটে চলেছে। বিকল্প কর্মসংস্থান না থাকায় সুন্দরবনের মৎস্যজীবিরা জঙ্গলে চলে যায় রোজগারের আশায়। তাই তাদের বিকল্প কর্মসংস্থানের দিকে সরকারের নজর দেওয়ার দরকার। পাশাপাশি এদের মৃত্যুর পরে ক্ষতিপূরণ নিয়ে সরকারের টালবাহানা করলে চলবে না। দ্রুত তাদের পরিবারের হাতে ক্ষতিপূরনের টাকা তুলে দিতে হবে।

‘অর্থকরী ফসলের জন্য কৃষককে আর বিমার প্রিমিয়াম দিতে হবেনা’

দুরন্ত বার্তা, কলকাতা, ১২ ফেব্রুয়ারিঃ রাজ্যে কোনো অর্থকরী ফসলের জন্য সংশ্লিষ্ট কৃষককে আর বিমার প্রিমিয়াম দিতে হবেনা। রাজ্য সরকারই এই সংক্রান্ত সমস্ত খরচ বহন করবে। রাজ্য বিধানসভায় আজ কৃষি দফতরের বাজেট আলোচনার শেষে জবাবি ভাষণে কৃষি মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় জানিয়েছেন। তিনি জানান, আগামী অর্থ বছরের শুরু থেকেই আলু সহ সমস্ত অর্থকরী ফসলের চাষীরা এই সুবিধা পাবেন। কৃষকদের স্বার্থে এরাজ্যেই প্রথম এধরণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে মন্ত্রীর দাবি। তিনি জানান, ২০২৩ সালের খারিফ মরশুমে প্রায় ৬০ লক্ষ কৃষক বাংলা শস্য বিমা যোজনা প্রকল্পের আওতায় নাম নথিভুক্ত করেছেন। ২০১৯ সালে এই প্রকল্প শুরু হওয়ার পর থেকে এপর্যন্ত ৯৮ লক্ষ কৃষককে এই প্রকল্পের আওতায় ফসলের ক্ষতি বাবদ ২৮৩৮ কোটি টাকা প্রদান করা হয়েছে। কৃষিক্ষেত্রে রাজ্যের সাফল্য তুলে ধরে কৃষিমন্ত্রী বিধানসভায় জানান, ২০১০-১১ আর্থিক বছরের নিরিখে এই সময় ধানের উৎপাদন ৫৬ লক্ষ মেট্রিকটন বেড়েছে। ২২-২৩ আর্থিক বছরে রাজ্যে প্রায় ১৫৯ লক্ষ মেট্রিক টন চাল উৎপাদন হয়েছে। ধান উৎপাদনে রাজ্য দেশের মধ্যে প্রথম স্থানে পৌঁছে গেছে। তৃণমূল কংগ্রেস সরকারের আমলে রাজ্যে ডালের উৎপাদন ২৬০ শতাংশ, তৈলবীজ উৎপাদন ১৮০ শতাংশ এবং সামগ্রিক ভাবে খাদ্যশস্যের উৎপাদন ১২৯ শতাংশ বেড়েছে। বিভিন্ন কৃষি প্রকল্প ও রাজ্যকে সারের বরাদ্দ নিয়ে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বঞ্চনার অভিযোগ নিয়ে কৃষিমন্ত্রী বিধানসভায় সরব হন। তিনি অভিযোগ করেন, বাজেটে সারে ভর্তুকির অঙ্ক কমিয়ে দিয়েছে কেন্দ্র। রাজ্যে আলু চাষীদের ভাতে মারতে এনপিকে সারের বরাদ্দ কমিয়ে দেওয়া হয়েছে। দিল্লির কাছে ৫.৭৩ লক্ষ টন সার চাওয়া হয়েছিল। মিলেছে মাত্র ৭৫ হাজার টন। অন্যদিকে তিনি জানান, তৃণমূল কংগ্রেস ক্ষমতায় আসার পর রাজ্যে কৃষকদের আয় বেড়েছে অতীতের তুলনায় ৩ গুণ। রিজার্ভ ব্যাঙ্কের রিপোর্ট থেকেই এই তথ্য সামনে এসেছে। কৃষি দফতরের কাজে আরো গতি আনতে রাজ্য পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে ১২২ জন আধিকারিককে খুব শীঘ্রই নিয়োগ করার কথাও কৃষিমন্ত্রী ঘোষণা করেন এর আগে শাসক দলের বেশ কয়েকজন সদস্য কৃষি দফতরের বাজেট আলোচনায় অংশ নেন। তবে বিরোধী বিজেপির কোনো বিধায়কই কৃষি দফতরের বাজেট আলোচনার সময় বিধানসভায় উপস্থিত ছিলেন না। একমাত্র বিরোধী আই এস এফ বিধায়ক নওশাদ সিদ্দিকি আলোচনায় অংশ নিয়ে কৃষি দফতরের লোকাভাব, কৃষি জমির চরিত্র বদল নিয়ে সরকারের দৃষ্টি আকর্ষন করেন। আলোচনার শেষে কৃষি দফতরের বাজেট প্রস্তাব সভায় গৃহীত হয়।

নিরাপদ সর্দারের মুক্তির দাবিতে উলুবেড়িয়া থানার সামনে বিক্ষোভ

মতিয়ার রহমান, উলুবেড়িয়া,১২ ফেব্রুয়ারিঃ সন্দেশখালি আন্দোলনের কর্মী প্রাক্তন বিধায়ক নিরাপদ সর্দারের মুক্তির দাবিতে ও এ বিষয়ে রাজ্যের মুখ্যমন্ত্রীর জবাবের দাবিতে সোমবার বিকেলে উলুবেড়িয়া থানার সামনে বিক্ষোভ ও থানায় ডেপুটেশন দিল সিপিএম। সোমবার বিকেলে উলুবেড়িয়ার গরুহাটায় দলীয় কার্যালয়ের সামনে থেকে মিছিল শুরু হয়ে আসে উলুবেড়িয়া থানায়, উপস্থিত ছিলেন সিপিএম নেতা কমরেড সাবির উদ্দিন মোল্লা, কমরেড গৌতম পুরকাইত, কমরেড নিমাই সর্দার, কমরেড দীপেন্দু মন্ডল , কমরেড মীনা ঘোষ মুখার্জি প্রমুখ। অপরদিকে একই বিষয়ে সিপিএমের পক্ষ হতে শ্যামপুর থানায় ডেপুটেশন দেয় সিপিএম। সেখানে উপস্থিত ছিলেন কমরেড মহেন্দ্র রায়, কমরেড নির্মল খাঁড়া, কমরেড বিশ্বপতি বাগ, কমরেড প্রবীর গাঙ্গুলি প্রমুখ।

আর্থিক বছরের ডিসেম্বর মাস পর্যন্ত কৃষক বন্ধু প্রকল্পে মৃত্যু কালীন সুবিধা

দুরন্ত বার্তা, কলকাতা, ১২ ফেব্রুয়ারিঃ রাজ্য সরকার চলতি আর্থিক বছরের ডিসেম্বর মাস পর্যন্ত কৃষক বন্ধু প্রকল্পে মৃত্যুকালীন সুবিধা হিসাবে বিভিন্ন কৃষক পরিবারকে প্রায় ৫৫৫ কোটি টাকা আর্থিক সহায়তা দিয়েছে। এই প্রকল্পে ১৮ থেকে ৬০ বছর বয়সের মধ্যে মৃত ২৭ হাজার ৭১৩ জন কৃষকের পরিবারকে এককালীন ২ লক্ষ টাকা হিসাবে মোট ৫৫৪ কোটি ২৬ লক্ষ টাকা দেওয়া হয়েছে বলে কৃষি দপ্তর সূত্রে জানা গিয়েছে। উল্লেখ্য ২০১৯ সালের পয়লা জানুয়ারি চালু হওয়া এই প্রকল্পে এখনো পর্যন্ত দশ লক্ষ ১ হাজার ৪৫৭ জন মৃত চাষীর পরিবারকে মোট ২ হাজার ২৯ কোটি ১৪ লক্ষ টাকা সহায়তা দেওয়া হয়েছে।

কেন্দ্রীয় বঞ্চনার বিরুদ্ধে তৃণমূল কংগ্রেস ধর্না অবস্থান প্রত্যাহার

দুরন্ত বার্তা, কলকাতা, ১২ ফেব্রুয়ারিঃ একশো দিনের কাজ, আবাস যোজনা প্রকল্প সহ বিভিন্ন প্রকল্পে বকেয়া টাকা না মেটানোর প্রতিবাদে কেন্দ্রীয় বঞ্চনার বিরুদ্ধে তৃণমূল কংগ্রেস তাদের ধর্না অবস্থান আজ প্রত্যাহার করে নিয়েছে।

কলকাতা ময়দানে আম্বেদকর মূর্তির পাদদেশে গত দোসরা ফেব্রুয়ারি থেকে চলা এই ধরনা অবস্থান কর্মসূচি আগামীকাল শেষ হওয়ার কথা থাকলেও একদিন আগেই আজ তা তুলে নেওয়া হয়। উল্লেখ্য দলের প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গত ২ রা ফেব্রুয়ারি থেকে টানা ৪৮ ঘন্টা এই ধরনা অবস্থানে অংশ নিয়েছিলেন।

সৃজনশীলতায় স্কুলের বাগদেবীর আরাধনা

দুরন্ত বার্তা, বোলপুর, ১২ ফেব্রুয়ারিঃ জেলার অন্যান্য বিদ্যালয়গুলির মতোই তারাশঙ্কর বিদ্যাপীঠ উচ্চ বিদ্যালয়ের পড়ুয়ারা সারস্বত আরাধনায় মেতে ওঠে। তবে এখানে এবার পুজোর বিশেষত্ব হলো, পড়ুয়াদের সামগ্রিক অংশগ্রহণ। কেউ গড়ছে প্রতিমা, কেউ দিচ্ছে নিপুণ আলপনা। স্কুলের নবম শ্রেণির ছাত্র দেব পাল বাংলার শ্রীমন্ত স্যারের কাছে দেবী প্রতিমা গড়ার বাসনা করে। প্রথমে এতবড়ো দায়িত্বের কাজ ওই টুকু ছোট্ট বয়সের একটি ছেলের উপর দিতে ইতস্তত করেন শিক্ষকরা। তবে তাঁরা শেষমেশ ছাত্রের আগ্রহ দেখে আপ্লুত হন। স্কুলের ভূগোলের সহশিক্ষক শুভাংশু রায় আট সাল থেকে স্কুলে শিক্ষক হিসেবে কর্মরত। তিনি জানান, মকরম পুর, বিদ্যাসাগর পল্লীর বাসিন্দা দেব পাল। তারাশঙ্কর বিদ্যাপীঠের নবম শ্রেনির ছাত্র। বাবা রাজমিস্ত্রীর ম্যানেজার। প্রতিবছর বাইরে থেকে প্রতিমা কিনে আনা হয়। তবে আমাদের এই ছাত্রটির নিজ স্কুলে নিজ হাতে প্রতিমা গড়ার তীব্র বাসনা ছিল। আমরা শুধুমাত্র তার সৃজনশীলতায় ভরসা করে প্রেরণা দিয়েছি মাত্র। স্কুলে পড়াশোনার পাশাপাশি এই ধরনের সৃজনশীলতাকে গুরুত্ব দেওয়া হয়। কে বলতে পারে স্কুলের এই শিক্ষা তাকে একদিন অনন্য সম্মান এনে দেবে। সে শুধু বলেছিল তার কয়েকজন সহপাঠী দরকার। হাতে সময় বেশি ছিল না। ওরা সবাই মিলে অতি উৎসাহে, আন্তরিকতায় এবং পরিশ্রম করে নয়নাভিরাম প্রতিমা গড়েছে। আমরা সবাই পড়েছি, মানুষই দেবতা গড়ে তাহারই কৃপার পরে করে দেব মহিমা নির্ভর। কিন্তু বাস্তবে তা সার্থক হলো। আরেক ছাত্র পাগলু দাসের বাড়িও মকরমপুরে। তার বাবা জুতো সেলাই করে। সে বছর তিনেক ধরে এক প্রতিবেশির কাছে আলপনা আঁকা শিখেছে। সেও এগিয়ে আসে অপূর্ব আলপনায় শিক্ষা অঙ্গনকে সাজিয়ে তুলতে। আর দুদিন বাদে সরস্বতী পুজো। অধীর আগ্রহে গোটা রাজ্যের সাথে এই স্কুলের পড়ুয়ারা। উল্লেখ্য, এই স্কুলে পড়াশোনা করে এলাকার পিছিয়ে পড়া ছেলে মেয়েরা। পড়াশোনার পাশাপাশি বিভিন্ন সৃজনশীল কাজে স্কুলের মাস্টার মশাইরা তাদের উৎসাহিত করে থাকেন।

স্কুলের মাঠ নিয়ে নেওয়ার চেষ্টা, রাজ্যকে কঠোর মন্তব্য প্রধান বিচারপতির

কলকাতা, ১২ ফেব্রুয়ারিঃ স্কুলের পড়ুয়াদের জন্য একটিই মাত্র খেলার মাঠ। সেটিও নিয়ে নিতে চাইছে রাজ্য সরকার! অভিভাবকদের এই অভিযোগের ভিত্তিতে হওয়া মামলায় রাজ্য প্রশাসনকে বিঁধলেন কলকাতা হাই কোর্টের প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম। তিনি বলেন, ‘‘বলুন না আমি সর্বশক্তিমান। আমি যা চাইব, তা করে দিতে পারি।’’ রাজ্য আদালতে নিজেদের পরিকল্পনার কথা জানাতে না পারলে স্কুল নির্মাণে স্থগিতাদেশ দিয়ে দেবেন বলেও জানিয়ে দিয়েছেন প্রধান বিচারপতি। তিনি বলেন, ‘‘স্কুলটি সরকার পরিচালিত হওয়ার পরেও সরকার তার বিরোধিতা করছে। ক্ষমতা দেখানো হচ্ছে?’’ মুর্শিদাবাদের ভগবানগোলা ২ ব্লকের আখরিগঞ্জ হাই স্কুলের খেলার মাঠটি নিয়ে মামলা হয়েছে হাই কোর্টে। অভিভাবকদের করা মামলায় তাঁদের পাশে দাঁড়িয়েছেন স্কুল কর্তৃপক্ষও। অভিযোগ, স্কুলের তিন হাজার পড়ুয়ার জন্য একটিই মাত্র খেলার মাঠ রয়েছে। সেই মাঠের জমিটি এক জন দান করেছিলেন স্কুলকে। সেখানে সরকার আরও একটি স্কুল খুলতে চাইছে। এর ফলে স্কুলের পড়ুয়াদের জন্য আলাদা করে আর কোনও খেলার মাঠ থাকবে না। সেই মামলাটি হাই কোর্টের প্রধান বিচারপতি ও বিচারপতি সুপ্রতিম ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চে ওঠে। মামলাকারীর বক্তব্যের প্রেক্ষিতে রাজ্যের বক্তব্য ছিল, জমিটি সরকারের। সেই জমিতে কী করা হবে, তা সরকারের নীতিগত সিদ্ধান্ত। রাজ্যের এই বক্তব্যের পরেই প্রধান বিচারপতি মন্তব্য করেন, ‘‘অন্যের জায়গায় নতুন নির্মাণ! যা খুশি তাই করুন। স্কুলটি ভেঙে দিন। মানুষকে আর শিক্ষা দিতে হবে না। কেন মানুষকে শিক্ষা দেবেন?’’ রাজ্য আদালতে জানায়, খেলার মাঠটি থেকে স্কুলটি ১.৫ কিলোমিটার দূরে। তার প্রেক্ষিতে প্রধান বিচারপতি জানান, অনেক জায়গায় স্কুলের সঙ্গে খেলার মাঠ থাকে না। খেলার মাঠ হয়তো একটু দূরে থাকে। কোথাও কোথাও জায়গার অভাব থাকে। অনেক সময় দেখা যায়, আগে একটি প্রাথমিক স্কুল ছিল। পরে সেটি হাই স্কুল হয়েছে। রাজ্য জানায়, খেলার মাঠের জমির পরিমাণ ১.৭৪ একর। ওই জমিতে তারা একটি ইংরেজি মাধ্যমের স্কুল খুলতে চাইছে। তার প্রেক্ষিতে প্রধান বিচারপতি জানান, স্কুল করা যেতে পারে। কিন্তু খেলার মাঠের জমি ছেড়ে। তাঁর কথায়, ‘‘দু’টি স্কুলই হোক। দুই স্কুলের জন্য এক একর জমি খেলার মাঠের জন্য ছেড়ে দিন। জেনে আসুন কী করবেন? না হলে আমি ওই নির্মাণে স্থগিতাদেশ দিয়ে দেব।’’

বিজেপির বিক্ষোভ থানায়

রামপুরহাট, ১২ ফেব্রুয়ারিঃ সন্দেশখালির শাহজাহানকে হন্যে হয়ে খুঁজছে সিবিআই ও রাজ্য পুলিশ। ঠিক তখনই বিজেপির বীরভূম সাংগঠনিক জেলা নেতৃত্ব শাহজাহানকে কোমরে দড়ি বেঁধে শহর ঘুরিয়ে হাজির হল রামপুরহাট থানায়।

সোমবার দুপুরে বিজেপির মহিলা মোর্চার রামপুরহাট থানায় বিক্ষোভ কর্মসূচিতে দেখা মিলল মুখোশধারি তৃণমূল নেতা শাহজাহানের। আর মহিলাদের হাতে ছিল ঝাঁটা। বিক্ষোভের সময় থানার সামনে টায়ার জ্বালিয়ে সন্দেশখালি ঘটনার প্রতিবাদ জানানো হয়। বিক্ষোভকারীদের দাবী সন্দেশখালি সহ রাজ্যের বিভিন্ন জায়গায় মহিলাদের উপর অকথ্য অত্যাচার করছে শাসক দলের নেতা ও কর্মীরা।মহিলাদের উপর অত্যাচারের প্রতিবাদে এবং দোষীদের গ্রেফতারের দাবিতে এই অভিনব বিক্ষোভ। জেলা সভানেত্রী রশ্মি দে বলেন, পলাতক তৃণমূল কংগ্রেসের নেতা শাহজাহানকে গ্রেফতার করতে পারছেন না মমতা সরকারের পুলিশ। তাই আমরা শাহজাহানের মুখোশ পড়িয়ে কোমরে দড়ি বেঁধে টানতে টানতে থানায় নিয়ে গিয়েছিলাম।

কারন পুলিশ বিনাদোষে মিথ্যে মামলায় খুঁজে খুঁজে বিজেপি কর্মীদের গ্রেফতার করতে পারছে। আর দলের তরতাজা ছেলে শাহজাহানকে গ্রেফতার করতে পারছে না। এটা পুলিশের ব্যার্থতা। সেই ব্যর্থতাকে মানুষের সামনে তুলে ধরতেই শাহজাহান সাজিয়ে দলীয় কর্মীকে নিয়ে যাওয়া হয়েছিল।

এদিনের থানা ঘেরাও ও বিক্ষোভে উপস্থিত ছিলেন বিজেপির বীরভূম জেলা সম্পাদক শান্তনু মণ্ডল সহ বিজেপির মহিলা মোর্চার শতাধিক কর্মী ও সমর্থক। এদিন রামপুরহাট থানার আই সির কাছে একটি স্মারক লিপি জমা দেওয়া হয়। পরে পাঁচমাথা মোড়ে প্রতীকী পথ অবরোধ করা হয় মহিলা মোর্চার পক্ষ থেকে।

২০২২ টেট উত্তীর্ণদের বিক্ষোভে বিধাননগরে ধুন্ধুমার

কলকাতা, ১২ ফেব্রুয়ারিঃ সোমবার চাকরিপ্রার্থীদের বিক্ষোভে অবরুদ্ধ সয়ে পড়ে সল্টলেকের করুণাময়ী এলাকা। ২০২২ টেট উত্তীর্ণদের তুমুল বিক্ষোভে বিকাশভবন চত্বরে কার্যত ধুন্ধুমার বেঁধে যায়। চাকরিতে নিয়োগের দাবিতে ফের রাজপথে নামেন চাকরিপ্রার্থীরা। সোমবার দলে দলে চাকরিপ্রার্থী বিকাশভবনের সামনে গিয়ে বিক্ষোভ দেখাতে থাকে। পরিস্থিতি বিগড়ে গেলে ঘটনাস্থলে আসে বিশাল পুলিশবাহিনী। টেনে হিঁচড়ে বিক্ষোভকারীদের সরানোর চেষ্টা করে পুলিশ। তাতে আরও বিশৃঙ্খলা তৈরি হয়। পুলিশের সঙ্গে ধাক্কাধাক্কি. ধস্তাধস্তি শুরু হয় বিক্ষোভকারী চাকরিপ্রার্থীদের। সূত্রের খবর, সোমবার সেন্ট্রাল পার্ক মেট্রো স্টেশন, বিকাশ ভবনের সামনে জমায়েত করেন ২০২২ সালের টেট উত্তীর্ণ চাকরিপ্রার্থীরা। অনেকের হাতেই ছিল প্ল্যাকার্ড। কেউ কেউ লিখেছিলেন, বিহারে নিয়োগ হচ্ছে, অথচ বাংলা পিছিয়ে। চাকরি কবে হবে, সেই স্লোগান তুলে বিকাশভবনের সামনে জমায়েত করেন বিক্ষোভকারীরা। দলে দলে চাকরিপ্রার্থীদের বিক্ষোভে রাস্তা অবরুদ্ধ হয়ে পড়ে। বিকাশভবনের পথেই তাঁদের আটকে দেয় পুলিশ। ফলে তুমুল ধস্তাধস্তি শুরু হয়ে যায়। পুলিশের সঙ্গে ধাক্কাধাক্কি হয় অনেক বিক্ষোভকারীর। অনেকে প্ল্যাকার্ড নিয়ে রাস্তাতেই বসে পড়েন। তাঁদের টেনে হিঁচড়ে তুলে নিয়ে যেতে দেখা যায়। বিক্ষোভকারীদের অনেককেই আটক করা হয়েছে বলে খবর। পুলিশ ভ্যানে চাপিয়ে তাঁদের নিয়ে যাওয়া হয়।

HOWRAH GASES LIMITED
CIN :CIN :L24111WB1985PLC038480
Regd. Office: 1,Crooked Lane, Ground Floor,Room No.G-2, Kolkata 700069,West Bengal,
Mobile No.+91 9830024305
Email : howrahgasesltd@gmail.com; Website: www.howrahgases.com

EXTRACT OF STATEMENT OF UN-AUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND NINE MONTH ENDED 31ST DECEMBER,2023

(Rs. In Lakhs)

Sl. No	Particulars	Quarter Ended			Nine Months Ended		Year Ended
		Unaudited			Unaudited		Audited
		31.12.23	30.09.23	31.12.22	31.12.23	31.12.22	31.03.23
1	Total income from operations (Net)	417.71	403.91	91.32	939.57	378.23	614.99
2	Net Profit / (Loss) for the period (before tax, Exceptional and/or Extraordinary items)	241.31	73.82	(8.78)	273.14	(35.93)	41.28
3	Net Profit /(Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items)	241.31	73.82	(8.78)	273.14	(35.93)	21.28
4	Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and / or Extraordinary items)	241.31	73.72	(8.78)	273.14	(35.93)	22.65
5	Total Comprehensive income for the period/ (Loss) {comprising Profit/ (Loss) for the period (after tax) and other comprehensive income (after tax)}	241.31	72.22	(8.78)	273.14	(35.93)	281.07
6	Equity Share Capital	320.00	320.00	320.00	320.00	320.00	320.00
7	Other Equity (excluding Revaluation Reserve)	-	-	-	-	-	6,086.88
8	Earnings Per Share (before and after extraordinary items) (not annualised) : Basic & Diluted(Rs.)	7.54	2.26	(0.27)	8.54	(1.12)	8.78

Notes:
1) The above Un-Audited financial results for the Quarter and Nine Month ended on 31.12.2023 were reviewed by the Audit Committee and have approved by the Board of directors at their respective meetings held on 12.02.2024
2) The Above is an extract of the detailed format of Financial results has been filled with the Stock Excahange under Regulation 33 of SEBI(LODR) Regulations, 2015.

On behalf of the Board of Directors
For,**HOWRAH GASES LIMITED**
Sd/-
Suresh Kumar Agrawal
Managing Director
DIN No. 00587623

Place : Kolkata
Date : 12th February,2024

অতিরিক্ত ভাঁটার কারণে গঙ্গায় জলের নাব্যতা অস্বাভাবিক কমে বিপত্তি

জল সরবরাহে ব্যাপক ঘাটতি হাওড়া পুরনিগম এলাকায়



শ্রেয়া আদক, হাওড়া, ১২ ফেব্রুয়ারিঃ অতিরিক্ত ভাঁটার কারণে গঙ্গায় জলের নাব্যতা অস্বাভাবিক কমে গিয়ে ঘটলো বিপত্তি। জল সরবরাহে ব্যাপক ঘাটতি দেখা দিল হাওড়া পুরনিগম এলাকায়। গত কয়েকদিন ধরেই পুরনিগমের বিভিন্ন ওয়ার্ডে শুরু হয়েছে এই জল সমস্যা। পুরনিগম কর্তৃপক্ষের দাবি, এই সমস্যা চলার সম্ভাবনা কম করে আরও প্রায় ১০ দিন। তবে, যেসব এলাকায় জল সঙ্কট সবচেয়ে বেশি সেখানে জলের ট্যাঙ্ক পাঠিয়ে পরিস্থিতির মোকাবিলা করা হচ্ছে। শুধুমাত্র ফোন করে সমস্যার কথা পুরনিগমকে জানাতে হবে। সোমবার বিকেলে এক সাংবাদিক বৈঠকে পুরনিগমের মুখ্য প্রশাসক ডা.সুজয় চক্রবর্তী একথা জানান। তিনি বলেন, প্রযুক্তিগত কোনও সমস্যায় এই ঘটনা ঘটছে না। গঙ্গায় জলের নাব্যতা অস্বাভাবিক কমে গিয়েই এমন ঘটছে। উত্তর হাওড়া, মধ্য হাওড়া, দক্ষিণ হাওড়ার বিস্তীর্ণ এলাকা জুড়ে পানীয় জল সরবরাহে সমস্যা হচ্ছে। প্রতি বছর ১০ থেকে ২২শে ফেব্রুয়ারি গঙ্গার নাব্যতা কমে যায়। এই বছর জলের নব্যতা কমে গিয়েছে প্রায় এক মিটার। এই পরিস্থিতিতে ইনটেক পাইপের মুখ দেখা যাচ্ছে। এর ফলে গঙ্গা থেকে জল তোলা সম্ভব হচ্ছেনা। কমপক্ষে আগামী ২২ তারিখ পর্যন্ত এই অবস্থা চলবে। গঙ্গার নাব্যতা .৯৫ মিটার কমে যাওয়ার ফলে এই কদিন জল সরবরাহ ব্যহত হবে। সাধারণ মানুষের বেশি সমস্যা হলে তারা যদি পুরনিগমে যোগাযোগ করেন তাহলে গাড়ির জল পাঠিয়ে সমস্যার সমাধান করা হবে। এ ব্যাপারে চেয়ারম্যান অন কল বা গ্রিভেন্স সেল যে কোনও জায়গায় জলের সমস্যার কথা জানানো যাবে। হিসেব অনুযায়ী বর্তমান পরিস্থিতিতে ভূগর্ভস্থ জলাধার ৫০ শতাংশ জল ভর্তি করা যাচ্ছে না। অনেক জায়গায় জল ঘোলাও আসছে। জল এতটাই নেমে যাচ্ছে যে জল সাকশান করা যাচ্ছেনা। জল এতটাই নেমে যাচ্ছে যে সাকশন পাইপের হাফ মুখ দেখা যাচ্ছে। ফলে গঙ্গা থেকে জল তোলা যাচ্ছেনা।

হাসনাবাদ রাধাগোবিন্দের শোভাযাত্রা

সৌরভ দাশ, হাসনাবাদ, ১২ ফেব্রুয়ারিঃ শ্রী শ্রী চৈতন্য মহাপ্রভুর ৫৩৯ তম আবির্ভাব দিবস উদযাপন উপলক্ষে হাসনাবাদ লাউতলা রাধাগোবিন্দ মঠে ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন। হাসনাবাদ লাউতলা শ্রী শ্রী রাধা গোবিন্দ মঠের ৪০ তম বর্ষের এই বার্ষিক ধর্মীয় অনুষ্ঠানের তৃতীয় দিনে আয়োজিত শোভাযাত্রায় পা মেলালেন অগনিত ভক্ত। এদিন বিকালে রাধাগোবিন্দ মঠ থেকে খোল করতাল মৃদঙ্গ জয়ডঙ্কা হরিবোল সম্প্রদায় সহযোগে নগর পরিক্রমা শুরু হয়।

Office of Moukhali Gram Panchayat
Under Bishnupur-II Panchayat Samity
South 24 Parganas
Notice Inviting E-Tender No.: MGP/75/2024, Date.-09.02.2024
The Prodhan, Moukhali Gram Panchayat, Bishnupur-II Panchayat Samity, South 24 Pgs. Invites online percentage rate tenders for the work of Setting of Submersible Pump at near Haripada Bhowmik house. Work completion period: 60 Days. Bid submission starting from 07.02.2024 at 5.30 PM. up to 17.02.2024 at 11.00 PM. Date of Opening of tender 21.02.2024 at 11:30 A.M. For details visit website www.wbtenders.gov.in
Sd/- Prodhan
Moukhali Gram Panchayat

Office of Moukhali Gram Panchayat
Under Bishnupur-II Panchayat Samity
South 24 Parganas
Notice Inviting Tender No.: MGP/76/2023, Date.-09.02.2024
The Prodhan, Moukhali Gram Panchayat, Bishnupur-II Panchayat Samity, South 24 Pgs. Invites sealed tender for the work of Construction of concrete road at 3 (Three) Nos. different places. Work completion period: 30 Days. Date of sale of Tender form on any working day from 09.02.2024 to 19.02.2024 from 12pm to 5pm. Last date of dropping of Sealed Tender form on or before 20.02.2024 up to 1 pm. Date of opening of Tender on 21.02.2024 at 3 pm. For details please visit office of the undersigned on any working days.
Sd/- Prodhan
Moukhali Gram Panchayat

SARVOTTAM FINVEST LIMITED
CIN: L65993WB1978PLC031793
Regd. Office: : 3, Bentinck Street (2nd Floor), Kolkata - 700 001, Ph No:(033) 2210 0875
e-mail: sarvottamfinvest@gmail.com,Website: www.sarvottamfinvest.in

STATEMENT OF UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND NINE MONTH ENDED DECEMBER 31, 2023 (Rs. in Lacs)

SI no	Particulars	Quarter Ended			Nine Months Ended		Year Ended
		31.12.2023 Reviewed	30.09.2023 Reviewed	31.12.2022 Reviewed	31.12.2023 Reviewed	31.12.2022 Reviewed	31.03.2023 Audited
1	Total Income from Operations	58.53	40.23	50.08	134.89	135.53	192.71
2	Net Profit/ (Loss) for the period before Tax	13.44	13.46	(174.26)	39.31	(169.52)	(124.09)
3	Net Profit/ (Loss) for the period after tax	9.95	9.96	(174.05)	29.09	(170.55)	(118.41)
4	Total Comprehensive Income for the period [comprising profit/(Loss) for the period after tax and Other Comprehensive Income after tax]	9.95	9.96	(174.05)	29.09	(170.55)	(118.41)
5	Equity Share Capital	750.00	750.00	750.00	750.00	750.00	750.00
6	Other Equity	-	-	-	-	-	1732.49
7	Earnings per Share (EPS) (of Rs.10/-each) (for continuing and discontinuing operations) a.Basic(Rs.)	0.13	0.13	(2.32)	0.39	(2.27)	(1.58)
	b.Diluted(Rs.)	0.13	0.13	(2.32)	0.39	(2.27)	(1.58)

Note:
The above is an extract of the detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI(Listing and other Disclosure Requirements), 2015. The full format of the Quarterly Financial Results are available on the website of the Stock Exchange at www.bse-india.com and on the Company's website at www.sarvottamfinvest.in

For **Sarvottam Finvest Limited**
Dilip Kumar Gupta
Managing Director
(DIN:01168576)

Place: Kolkata
Date: February 12, 2024

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দুরন্ত বার্তা

২৯ বর্ষ, দৈনিক ৭৪ সংখ্যা, মঙ্গলবার, ২৯ মাঘ, ১৪৩০

নিরাপত্তা পরিষদে স্থায়ী সদস্য

সম্পাদকীয়

ভারত নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য হয়ে বলে বিশ্বাস করেন বিদেশ মন্ত্রী জয়শঙ্কর। তিনি বলেছেন এ ব্যাপারে ভারতকে বহু বাধা পার হতে হবে। ভারতের শত্রু দেশের সংখ্যা কম নয়। রাষ্ট্রপুঞ্জে ভারত যদি নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য হয় তাহলে বিশ্বের বহু দেশের অসুবিধার কারণ হয়ে দেখা দিতে পারে। বহু দেশ ভারতকে সমর্থন করতে আবার বহু দেশ এ ব্যাপারে আত্মপ্রকাশ করেছে। ভারতের কাছে অতীতে নিরাপত্তা পরিষদের সদস্য হওয়ার একবার প্রস্তাব এসেছিল। পণ্ডিত নেহরু তখন ভারতের প্রধানমন্ত্রী ছিলেন। তখন রাশিয়া, আমেরিকা এবং ব্রিটেন ভারতের পক্ষে ছিল। তখন ভারতের শত্রু দেশের সংখ্যা খুবই কম ছিল। বর্তমান বিশ্বের রাজনীতি ক্রমশ ঘোরালো হতে শুরু করে দিয়েছে। বিশ্বে এখন দু দুটো যুদ্ধ চলছে। বহু মানুষ দিশাহারা হয়ে পড়েছে। জঙ্গিদের দাপটে সাধারণ মানুষ নিরাপত্তার অভাব বোধ করছে না। বিশ্বের বহু সম্পদ নষ্ট হয়ে যেতে বসেছে। সেই সব বিশ্ব সম্পদকে রক্ষা করতে হবে। বিশ্ব স্বাস্থ্য ব্যবস্থা আজকের প্রশ্নের মুখে এসে দাঁড়িয়েছে। খাদ্য সঙ্কট দেখা দিতে শুরু করেছে। পানীয় জলের সঙ্কট দেখা দিচ্ছে। জনসংখ্যা বৃদ্ধি পেতে শুরু করেছে। পরিবেশ নষ্ট হচ্ছে। বাতাসে কার্বন ডাইঅক্সাইড বৃদ্ধি পেতে শুরু করেছে। করোনার মতো অজানা ভাইরাস এসে আবার বিশ্ববাসীকে আক্রমণ করতে পারে। এই সব মানবিক দিকগুলির কথা ভাবতে হবে। মানব সভ্যতাকে রক্ষা করতে হবে। অস্ট্রেলিয়া সফর করে ভারতের বিদেশ মন্ত্রী জয় শঙ্কর এইকথাগুলি বেশ জোরের সঙ্গে বললেন। এদিকে কূটনৈতিক মহল থেকে জানতে পারা গিয়েছে যে ভারত যদি নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য হয় তাহলে পাকিস্তান চিন বিপদে পড়বে। চিন তাদের সীমান্ত নিয়ে ভারতকে মাঝে মধ্যে বিরক্ত করে থাকে। অরুণাচলপ্রদেশ চিন তাদের অংশ বলে দাবি করতে শুরু করেছে। পাকিস্তান কাশ্মীরের বেশ কিছু অংশ দখল করে রয়েছে। ভারত যদি নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য হয় তাহলে আর্থিক করিডর তৈরি করতে চিনকে বাধা দিতে পারে ভারত। পাকিস্তানকে রক্ষা করতে বিশ্বের ইসলামিক দশগুলি এক হতে থাকবে। তার ফল ভারতের মতো একটি রাষ্ট্রের বিপদ বৃদ্ধি পেতে থাকবে। পাকিস্তানের আর্থিক অবস্থা খারাপ থাকার সময়ে বিশ্বের বেশ কয়েকটি ইসলামিক দেশ বিনাশর্তে পাকিস্তানকে আর্থিক সহায়তা করেছিল। তার ফলে পাকিস্তান আবার মাথা চাড়া দিয়ে উঠতে শুরু করে দিয়েছে। এদিকে ইসরায়েল হামাস যুদ্ধ শুরু হয়েছে। প্যালেস্টাইনরা বিপদের মুখে পড়ে রয়েছে। অন্যদিকে ইউক্রেন রাশিয়া যুদ্ধ থামছে না। অদূর ভবিষ্যতে তাইওয়ান নিয়ে চিন যুদ্ধ করতে পারে। যুদ্ধ করাই হচ্ছে এখন শক্তিশালী রাষ্ট্রগুলির মূল লক্ষ্য। বিশ্ব শান্তির পদক্ষেপ কেউই গ্রহণ করতে পারছে না। ভারতকে স্থায়ী সদস্য করতে জাপান, রাশিয়া, ব্রিটেন, জার্মান, ফ্রান্স, দক্ষিণ আফ্রিকা সহ বেশ কয়েকটি শক্তিশালী দেশ এগিয়ে আসতে পারে। তবে চিন এবং পাকিস্তান সহ বেশ কয়েকটি ইসলামিক দেশ তারা ভারতকে এ ব্যাপারে সমর্থন করবে না। কারণ ভারত যদি নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য হয় তাহলে তাদের বিপদ বৃদ্ধি পেতে পারে। ভারতের শক্তি বৃদ্ধি হোক সেটা তারা চায় না। যদি ভারত থেকে বলা হয়েছে যে ভারত কারোরপ্রতি কোনওপ্রতিহিংসা মূলক আচরণ করবে না যদি স্থায়ী সদস্য হয়ে ভারত নির্বাচিত হয়। ভারত সব সময়ে চেষ্টা করবে বিশ্ব শান্তির পথ ধরে এগিয়ে চলতে। যে পথ ধরে ভারত সারা বিশ্বের সমস্যার সমাধান করার কথা ভাবতে শুরু করে দিয়েছে এবং আগামি দিনে ভারত একটি সু ন্দর বিশ্ব গড় তোলার পক্ষে সাওয়াল করতে থাকবে সেই পথ ধরেই ভারত এগিয়ে চলবে। সেই পথ থেকে বা নীতি থেকে ভারত কোনও সময়ে বিচ্যুত হবে না। প্রতিবেশীদের টিক সাফল্যের পরই মোদি ভারতকে বিশ্বগুরুর অবস্থানে দেখতে চাইছে। বিদেশ মন্ত্রী জয়শঙ্কর বলেছেন ভারত বিশ্ব শক্তির ক্ষেত্রে সম্পদ, সংস্কৃতি ও ঐতিহ্য রক্ষা করার ক্ষেত্রে সবার কাছ থেকে আস্থা এবং বিশ্বাস কুড়িয়েছে। অনেকেই দেখতে চায় ভারত রাষ্ট্রপুঞ্জের স্থায়ী সদস্য করা হোক। তারা বিশ্বাস করে যে ভারত যদি রাষ্ট্রপুঞ্জের স্থায়ী সদস্য হয় তাহলে বিশ্ব থেকে সমস্যার দূর করার পাশাপাশি শান্তি স্থাপিত হওয়ার পথটা খুলে যাবে।

ভারতের কূটনৈতিক জয়

মৃত্যুদণ্ডের সাজা হয়েছিল প্রাক্তন সেনা আধিকারিকদের। ভারতীয় কূটনৈতিক আলোচনার পরে শাস্তি রদ হয়েছিল। তার পরে এ নিয়ে আরও কথাবার্তা হওয়ার পরে এবার মিলল মুক্তি আটজনের মধ্যে দেশে ফিরলেন সাতজন। নৌসেনার প্রাক্তন সাত আধিকারিক। এই মুক্তি যে ভারতের বড়সড় কূটনৈতিক জয় সে বিষয়ে কোনও সন্দেহ থাকলো না। দেশের মাটিতে পা রেখে আবেগে ভাসলেন প্রাক্তন নৌসেনা কর্তারা। তাঁরা বললেন, ভারত মাতা কি জয়। দেশে ফিরে আসতে পারায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং ভারত সরকারকে ধন্যবাদ জানাচ্ছেন তারা। ২০২২ সালের আগস্ট মাসে সাত ভারতীয় নৌসেনার প্রাক্তন ৮ কর্মী গ্রেপ্তার করে কাতারের গোয়েন্দা বিভাগ। ক্যাপ্টেন নভতেজ সিং, ক্যাপ্টেন বীরেন্দ্র কুমার বর্মা, ক্যাপ্টেন সৌরভ বশিষ্ঠ, কমান্ডার অমিত নাগপাল, কমান্ডার পূর্ণেন্দু তিওয়ারি, কমান্ডার সুগুণাকর পাকালা, কমান্ডার সঞ্জীব গুপ্তা এবং নাবিক রাজেশ। তাঁরা সকলেই একটি বেসরকারি সংস্থায় চাকরি করতেন। ওই সংস্থা কাতার সেনাকে প্রশিক্ষণের কাজ করত। একাধিকবার শুনানির পরে অক্টোবর মাসে ৮ জনকে মৃত্যুদণ্ড দেয় কাতারের আদালত।

তার পরেই নৌসেনা কর্মীদের হয়ে আইনি পদক্ষেপ করতে শুরু করে ভারত। কাতারের আমির শেখ তামিম বিন হামাদের সঙ্গে কথা হয় প্রধানমন্ত্রী মোদির। প্রবাসী ভারতীয়দের উন্নতি নিয়েও আলোচনা হয় দুজনের মধ্যে। অবশেষে গত বছরের ডিসেম্বরের শেষে ওই প্রাক্তন নৌসেনা কর্মীদের ফাঁসির সাজা রদ করে আদালত। তাঁদের সাজা বদলে কারাবাসের নির্দেশ দেওয়া হয়।

তবে বিদেশ মন্ত্রকের তরফে একটি বিবৃতি জারি করা হয়। তাতে বলা হয়, ‘ সংস্থায় কর্মরত আট প্রাক্তন নৌসেনা কর্মীকে মুক্তি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে কাতার। এই সিদ্ধান্তকে স্বাগত জানাচ্ছি। তাঁদের মধ্যে সাতজন ইতিমধ্যে দেশে ফিরেছেন।’’ দেশে ফিরে আবেগে ভাসছেন প্রাক্তন নৌসেনা কর্মীরা। তাঁদের কেউ কেউ বলেন, আমরা প্রায় দেড় বছর ভারতে ফেরার জন্য অপেক্ষা করেছি। আমরা প্রধানমন্ত্রী মোদীর কাছে কৃতজ্ঞ। তাঁর হস্তক্ষেপ ও কাতারের সঙ্গে সুসম্পর্ক না থাকলে, এটা সম্ভব হত না। অন্তর থেকে আমরা ভারত সরকারকে ধন্যবাদ জানাচ্ছি।

ঠাকুর অনুকুলচন্দ্রের বাণী



শ্রীশ্রী অনুকূল ঠাকুর বলেন নিজের মনকে সম্পদশালী করতে হবে। পিছনে দিকে তাকালে চলবে না। সব সময়ে সমানে দিকে তাকিয়ে চলবে হবে। বিপদের সঙ্গে মোকাবিলা করতে হবে। তাদেরকে পরাস্ত করতে হবে। জয়ী হওয়ার বাসনা নিয়ে এগিয়ে যেতে হবে। মায়ের কাছ থেকে সেই শক্তি গ্রহণ করতে হবে। মা সরদা সেই শক্তি সবাইকে দিয়ে থাকেন। শত্রুকে পরাস্ত করার শক্তি দিয়েছিলেন। নিজেকেপ্রতিষ্ঠিত করার শক্তি তিনি দিয়েছিলেন। মা'ই তার উপায় বলে দেবেন। শক্তিকে কীভাবে এবং কোনও পথ ধরে এগিয়ে নিয়ে গেলে জয় আসবে তার উপায় তিনি নির্দ্ধারণ করে দেন। মা'ই জ্ঞানশক্তিদায়িনী। বিদ্যাং শক্তিদায়িনী। সৎ ধর্ম শক্তিদায়িনী। অধর্মের পরাজয় সুনিশ্চিত। ধর্ম সব সময়ে জয়ী হয়। অধর্মের পরাজয় ঘটে।

কালী সাধক বামাক্ষ্যাপা

তন্ত্র সাধক বামাক্ষ্যাপা বলতেন, নারী জাতিতে সম্মানে রাখলে একটি সমাজ সুস্থ এবং স্বাভাবিক থাকে। স্ত্রী জাতি কাউকে দোষরোপ করে না। স্ত্রীজাতি কাউকে ঘৃনা করতে শেখায় না। মা কালী স্বয়ং নারীরূপী ভগবান। তিনি ভয়ঙ্করী হলেও তিনি সৃষ্টি কর্ত্রী। তিনি এই বিশ্বের ধারক এবং বাহক। তারাপীঠের মা হচ্ছেন জ্ঞান চক্ষু দানকারী। তিনি জ্ঞান চক্ষু দিয়ে থাকেন। জগতকে চেনাতে শেখান। তিনি আছেন বলেই তার সন্তানরা শক্তিশালী এবং বলবান হয়ে থাকেন। মা তার সন্তানদের জ্ঞান চক্ষু দান করে থাকেন। মা হচ্ছেন সর্বশক্তির অধিকারিনী। তিনি শক্তি দিয়ে থাকেন। তিনি শক্তি দেন বলেই তাঁর সন্তানরা মাথা উঁচু করে হাঁটতে পারে।

রটন্তী কালীপুজো কেন হয়, যা নিয়ে শাস্ত্রের নানান ব্যাখ্যা

কৌশিক দাস

রটন্তী কালীপুজো কেন হয, যা নিযে. শাস্ত্রের নানান ব্যাখ্যা রযেছে। দেশের বিভিন্ন প্রান্তে এই সময .রটন্তী কালীপুজো হয। রটন্তী' শব্দটি এসেছে ' শব্দ থেকে। যার অর্থ প্রচার হওযা। মনে করা হয, এই বিশেষ দিনেই দেবীর মহিমা চতুর্দিকে রটে যায। মুক্তকেশী মাযের মহিমা এই তিথিতেই সর্বস্তরে রটিত হযে. থাকে। আবার লোক কথা অনুসারে শোনা যায, এদিনই দেবী ছিন্নমস্তার আবির্ভাব হযেছিল। দেবী পার্বতী তাঁর সহচরীদের খিদে মেটানোর জন্যে নিজ মুণ্ডুচ্ছেদ করে ত্রিধারায. রক্তবারি প্রকট করেছিলেন।কথিত আছে, শ্রীরাধা বনে শ্রীকৃষ্ণের সঙ্গে লীলা করতেন বলে তাঁর শাশু।ি জটিলা এবং ননদিনী কুটিলা শ্রীরাধার নামে কলঙ্ক রটিয়ে ছিলেন এবং তা প্রমাণ করার জন্য একদিন গোপনে তারা আয়ান ঘোষকে সঙ্গে নিয়ে শ্রীরাধার পিছু নেন। আয়ান ঘোষের আরাধ্যা দেবী ছিলেন কালী। অন্তর্যামী শ্রীকৃষ্ণ জটিলা-কুটিলার গোপন অভিপ্রায় জানতে পেরে স্বয়ং কালীরূপ ধারণ করেছিলেন। শ্রীরাধাও কালীরূপী শ্রীকৃষ্ণকে কদম্ব বৃক্ষের মূলে ফল, ফুল দিয়ে পুজো করেছিলেন। এদৃশ্য দেখে জটিলা, কুটিলা ও আয়ান ঘোষের ভূল ভাঙে এবং শ্রীরাধা যে স্বয়ং আদ্যাশক্তি তা বুঝতে পেরেছিলেন। এই ঘটনাটি স্মরণ করেই ভক্তজন রটন্তী কালীপুজো করে থাকেন। হিংদুধর্মে মা কালীর আরাধনা সর্বজনবিদিত, বিভিন্ন তিথিতে দেবীর বিভিন্ন রূপের পুজো করা হয।

শাস্ত্রমতে আবার শোনা যায, যখন শ্রীকৃষ্ণের প্রেমলীলায রাধা মত্ত ছিলেন, সেই সমযে .একদিন দুপুরে গোপীনিরা তাঁর বাঁশির আওয়াজ শুনে চমকে উঠেছিলেন। গোপিনীরা বনের দিকে ছুটে গিয়ে দেখলেন সামনে ইষ্টমূর্তি। শ্রীরাধাই যে স্বয়ং আদ্যাশক্তি তা সেদিন বুঝতে পেরেছিলেন তাঁরা। সেই দিনকে স্মরণ করেই বিশেষ তিথিতে হয. রটন্তী কালীপুজো। রটন্তী কালী পূজা মাঘ মাসে প্রধানত ভারতের

পূর্বাঞ্চলে দেবী শক্তি উপাসকদের দ্বারা পালন করা হয। দিনটিতে দেবী কালীর পূজা করা হয। এই দিনে দেবী কালীকে সদয .মাযের রূপে পূজা করা হয। এই বছর রটন্তী কালী পূজা পড়েছে ৮ই ফেব্রুয়ারি। ৮ই ফেব্রুয়ারি থেকে চতুর্দশী থাকবে ৯ই ফেব্রুয়ারি পর্যন্ত। দিনটিকে রটন্তী চতুর্দশী নামেও অভিহিত করা হয. এবং বাংলার মুর্শিদাবাদ, নদীযা. এবং বীরভূম জেলায .এর যথেষ্ট গুরুত্ব রযেছে। রটন্তী কালী পূজা মাঘ কৃষ্ণপক্ষ চতুর্দশীতে বা মাঘ মাসের চাঁদের অস্তমিত পর্বের ১৪তম দিনে পালন করা হয। দক্ষিণেশ্বর কালী মঃদিরেও দিনটির অত্যন্ত তাপর্যপূর্ণ রযেছে। মানুষ পাপ মোচনের জন্য পবিত্র নদীতে স্নান করেই দিনে বিপুল সংখ্যক মানুষ কালী মঃদিরে যান এবং প্রার্থনা করেন। কথিত আছে যে, রটন্তী-র অর্থ হল প্রিয। আরেকটি বিশ্বাসও রযেছে যে রটন্তী মানে ' কথা বলে।' রটন্তী পুজার ইতিহাস পাওযা.যায শ্রীকৃষ্ণ ও রাধার প্রেমকাহিনীতে। রাধার স্বামীর নাম ছিল আযান ঘোষ। তার স্ত্রীর প্রতি ছিলে অগাধ বিশ্বাস। অপরদিকে রাধার মন মজেছিল শ্রীকৃষ্ণের বাঁশিতে। তাই কৃষ্ণ যখনই বাঁশি ধরতেন, রাধা তখনই তার ঘর, সংসার ফেলে ওই বাঁশির সুরে ছুটে চলতেন। তার ননদ, শাশুড়ি সকলেই নিঃদা করতেন। কিন্তু তার স্বামী এই কথা কিছুতেই বিশ্বাস করতেন না।বিখ্যাত কালীর সাধক রামকৃষ্ণ বঃদ্যোপাধ্যাযকে কে না চেনেন। তিনি স্বযং রটন্তী কালী পূজার সম্পর্কে বেশ কিছু তথ্য জানিযে. দিযে. গেছেন। তিনি বলেছেন, এই পবিত্র দিনে সকলের নিরামিষ আহার গ্রহণ করা শ্রেয। তার কারণ আমিষ আহার গ্রহণ করলে কোন না কোন প্রাণীকে হত্যা করা হবে। রটন্তী কালী পূজার মতো পবিত্র দিনে প্রাণী হত্যা পাপের সমান। তাই অন্তত এই দিনটিতে নিরামিষ খাওযাই উচিত। এই দিন যে সমস্ত ব্যক্তিরা দেবী কালীর সাধনা করবেন, পূজা করবেন তারা তাদের জীবন থেকে পাপ খন্ডনে সমর্থ হবেন।এছাড়া ' কথার অপর একটি অর্থ হল রটে যাওযা। রামকৃষ্ণ বঃদ্যাপাধ্যাযের মতে এই দিনে দেবী কালীর মহিমা জগতের আনাচে-কানাচে রুটে গিযেছিল। তাই এই পূজাকে রটন্তী কালী পূজা বলা হযে. থাকে। এই দিন গঙ্গা স্নান করে শুদ্ধ মনে ও শুদ্ধ শরীরে দেবীর পূজা করলে সকলের মঙ্গল হয।

স্বামী বিবেকানন্দের বলে যাওয়া কথা আজও একই রকম প্রাসঙ্গিক

স্বামী বিবেকানন্দের বাণী আজ আমাদের এই সমাজেও একইভাবে প্রযোজ্য। তাঁর বাণী উদ্বুদ্ধ করে প্রতিটি সাধারণ মানুষকে। অনুপ্রেরণা দেয় সত্যিকারের মানুষ হওয়ার লক্ষ্যে। সেই বিবেকানন্দের কয়েকটি বাণীই এখানে তুলে ধরা হলো।

১।অজ্ঞান ভেদবুদ্ধি ও বাসনা এই তিনটিই মানব জাতির দুঃখের কারণ, আর উহাদের মধ্যে একটির সহিত অপরটির অচ্ছেদ্য সম্বন্ধ। একজন মানুষের আপনাকে অপর কোনও মানুষ হইতে, এমনকী পশু হইতেও শ্রেষ্ঠ ভাবিবার কী অধিকার আছে? বাস্তবিক তো সর্বত্রই এক বস্তু বিরাজিত। ত্বং স্ত্রী, ত্বং পুমানসি, ত্বং কুমার উত বা কুমারী, তুমি স্ত্রী, তুমি পুরুষ, তুমি কুমার আবার তুমিই কুমারী।'

২। সত্য, পবিত্রতা ও নিঃস্বার্থপরতা - যে ব্যক্তিতে এইগুলি বর্তমান, স্বর্গে মর্তে পাতালে এমন কোনও শক্তি নাই যে উহাদের অধিকারীর কোনও ক্ষতি করিতে পারে। এইগুলি সম্বল থাকিলে সমুদয় ব্রহ্মাণ্ড বিপক্ষ হইয়া দাঁড়াইলেও এই ব্যক্তি তাহাদের সম্মুখীন হইতে পারে।

৩। সর্বোপরি সাবধান হইতে হইবে, অপর ব্যক্তি বা সম্প্রদায়ের সহিত আপস করিতে যাইও না। আমার এই কথা বলিবার ইহা উদ্দেশ্য নহে যে, কাহারও সহিত বিরোধ করিতে হইবে কিন্তু সুখেই হউক, দুঃখেই হউক, নিজের ভাব সর্বদা ধরিয়া থাকিতে হইবে। দল বাড়াইবার উদ্দেশ্যে তোমার মতগুলিকে অপরের নানারূপ খেয়ালের অনুযায়ী করিতে যাইও না। তোমার আত্মা সমুদয় ব্রহ্মাণ্ডের আশ্রয়, তোমার আবার অপর আশ্রয়ের প্রয়োজন কী? সহিষ্ণুতা, প্রীতি ও দৃঢ়তার সহিত অপেক্ষা কর যদি কোনও সাহায্যকারী না পাও, সময়ে পাইবে। তাড়াতাড়ির আবশ্যকতা কী? সমস্ত মহৎ কার্য আরম্ভের সময় উহার অস্তিত্বই যেন বোঝা যায় না, কিন্তু তখনই বাস্তবিক উহাতে যথার্থ কার্যশক্তি সঞ্চিত থাকে।

৪। জীবন ও চিন্তাধারা হয়ে উঠতে পারে আমাদের পাথেয়। সমগ্র মানব সমাজের জন্য যে বাণী তিনি দিয়ে গিয়েছিলেন তার আবেদন চিরকালীন। তবু বাঙালি তাঁর বলে যাওয়া কথা কি সম্যক অনুধাবন করতে পেরেছে? না হলে কেন গীতাপাঠ ও ফুটবল খেলা নিয়ে তাঁর কথা নিয়ে নানা সময়ে বিতর্ক হয়েছে। হয়েছে অপব্যাখ্যা।গত উনবিংশ শতকের শেষে মৃত্যুর মাত্র কয়েক বছর আগে মাদ্রাজে (আজকের চেন্নাই) গিয়েছিলেন বিবেকানন্দ। সালটা ছিল ১৮৯৭। সেখানে গিয়ে তিনি দিয়েছিলেন ' জীবনে বেদান্তর প্রয়োগ' শীর্ষক বক্তৃতা। আর সেখানেই উঠে আসে ফুটবল খেলা ও গীতাপাঠ প্রসঙ্গ। তিনি বলেন, আমরা দুর্বল, অতি দুর্বল। প্রথমত আমাদের শারীরিক দৌর্বল্য- এই শারীরিক দৌর্বল্য আমাদের অন্তত এক-তৃতীয়াংশ দুঃখের কারণ। পরে সেকথা বিশদে ব্যাখ্যা করতে গিয়ে বিবেকানঃদ জানিয়েছিলেন, আমাদের যুবকগণকে প্রথমত সবল হইতে হইবে, ধর্ম পরে আসিবে। হে আমার যুবক বন্ধুগণ, তোমরা সবল হও-তোমাদের নিকট ইহাই আমার বক্তব্য। গীতাপাঠ অপেক্ষা ফুটবল খেলিলে তোমরা স্বর্গের আরও নিকটবর্তী হইবে। আমাকে অতি সাহসপূর্বক এই কথাগুলি বলিতে হইতেছে কিন্তু না বলিলেই নয়। আমি তোমাদিগকে ভালোবাসি। তোমাদের বলি, তোমাদের শরীর একটু শক্ত হইলে তোমরা গীতা আরও ভাল বুঝিবে। তোমাদের রক্ত একটু তাজা হইলে তোমরা শ্রীকৃষ্ণের মহতী প্রতিভা ও মহান বীর্য ভাল করিয়া বুঝিতে পারিবে। এই বক্তব্য থেকে পরিষ্কার, শরীরকে মজবুত করতে না পারলে কোনও কিছুই করে ওঠা সম্ভব নয়, যুব সম্প্রদায়কে সেটাই বোঝাতে চেয়েছিলেন তিনি। কিন্তু তাঁর এই বক্তব্যের খণ্ডিত অংশকে আলাদা করে তুলে ধরে এর অপব্যাখ্যা অনেক সময়ই হয়। কিন্তু ' ও আত্মার মহিমা ভালো' করে বুঝতেই যে শক্ত শরীরের কথা বলেছিলেন, তা বলা হয় না। এপ্রসঙ্গে মনে করা যেতে পারে, উপনিষদে বর্ণিত নায়মাত্মা বলহীনেন লভ্য শ্লোকটির কথাও। যার অর্থ ' দ্বারা আত্মজ্ঞান লাভ হয় না।' সেদিন সেই কথাই পরিষ্কার বুঝিয়ে দিয়েছিলেন বিবেকানন্দ। তাঁর অন্য বাণীর মতো যা শাশ্বত, যা আজও জাজ্জ্বল্যমান দীপস্তম্ভের মতো আমাদের আলো দেখায়।বিবেকানঃদ নাকি বলতেন, চল্লিশ পেরবেন না তিনি। প্রয়াণও হল ৩৯ বছর বয়সে। তিনি কি সত্যিই বুঝতে পেরেছিলেন মৃত্যু সমাগত? জানা যায়, মারা যাওয়ার দুদিন আগে সিস্টার নিবেদিতাকে নিজের সামনে বসিয়ে পঞ্চব্যাঞ্জন খাইয়েছিলেন। তার পর তাঁর পা ধুইয়ে দিয়েছিলেন। এমন আচরণে অবাক হয়েছিলে নিবেদিতা।

মহাপ্রভু শ্রীচৈতন্যদেবের মতাদর্শ

'জীবনধারণের জন্যে জৈবিক আহারের পাশাপাশি আধ্যাত্মিক আহারেরও প্রয়োজন মানুষের

এবার অডিও মাধ্যমে মহাপ্রভু শ্রীচৈতন্যদেবের মতাদর্শ 'জীবনধারণের জন্যে জৈবিক আহারের পাশাপাশি আধ্যাত্মিক আহারেরও প্রয়োজন মানুষের। এই ধারণা সাধু সন্তদের। মহাপ্রভু শ্রী চৈতন্যদেব তাঁর গৌড়ীয় বৈষ্ণবধর্ম প্রচারের মধ্য দিয়ে কেবল যে প্রেম ও ভক্তির প্রচার করতে চেয়েছিলেন সরস্বতী প্রভুপাদের সঙ্গে বিভিন্ন গুণী ব্যক্তির কথোপকথনও আপামর মানুষের শ্রবণে পৌঁছে দিতে গৌড়ীয় বৈষ্ণব ধর্মের মাহাত্ম্যকে তুলে ধরা এবং গৌড়ীয় সন্ত জীবনী ও বাণীকে আধুনিক মানুষের কাছে পৌঁছে দেওয়ার লক্ষ্যে বাগবাজার গৌড়ীয় মঠের উদ্যোগে শুরু হল ' নামে এবার করে পরিবেশন করা হয়েছে।গৌড়ীয় মঠ ও ভক্তিবেদান্ত রিসার্চ সেঃটারের যৌথ উদ্যোগে সোমবার এই ' অডিও বুকের আনুষ্ঠানিক উদ্বোধন করেন গৌড়ীয় মঠের আচার্য্য ও সভাপতি শ্রীম ভক্তি সু ঃদর সন্ন্যাসী মহারাজ। তিনি বলেন, ' - দ্বারা আপামর বাংলা ভাষী বা বাংলা জানা মানুষের কাছে গৌড়ীয় সন্তদের

শুধু তাই নয়, সেই আধ্যাত্মিকতার মাধ্যমেই জগতের মানুষের কল্যাণ করতে চেয়েছিলেন তিনি। মহাপ্রভুর এই মতাদর্শকে পরবর্তীকালে ভক্তি সিদ্ধান্ত সরস্বতী প্রভুপাদও প্রচার চেয়েছিলেন। নাম প্রচার ও গৌড়ীয় রসাস্বাদন প্রিয় মানুষের মধ্যে গৌড়ীয় বৈষ্ণবগ্রন্থগুলিকে নবরূপে উপস্থাপন ও রসসম্পৃক্ত প্রবন্ধ-নিবন্ধ পরিবেশনের মাধ্যমেই। গৌড়ীয়, নদীয়া প্রকাশ, সজ্জন তোষণীর মতো পত্রিকাগুলি তারই পরিচয় বহন করছে। উনবিংশ শতাব্দীতে বিভিন্ন পত্র ও পত্রিকায় প্রকাশিত বিভিন্ন গৌড়ীয় প্রবন্ধ, ভক্তজীবন ও সমকালীন বিষয়ক গৌড়ীয় মঠে অনুষ্ঠিত বিভিন্ন উসব, ভক্তি সিদ্ধান্ত একটি অডিও বুক। জীবাতুর অর্থ হল জীবনধারণের আহার বা রসদ। সাধু সন্তরা মনে করেন, এই অডিও বুক শ্রবনের মাধ্যমে জীব অর্থা মানুষ তার আধ্যাত্মিক আহার বা জীবনধারণের আহার বা রসদ পেয়ে যাবেন।শুধু তাই নয়, বিশ্বজু।ে প্রবাসী বাংলা ভাষাভাষী মানুষের সংখ্যাও বহু। আধুনিকতার সঙ্গে তাল মিলিয়ে আন্তর্জাতিক মাতৃভাষাকে সামনে রেখে তাঁদের কাছে মহাপ্রভু শ্রীচৈতন্যদেবের বাণী ও কর্মকাণ্ডকে অডিও ফর্মে নতুনভাবে পোঁছে দেওয়াই প্রধান উদ্দেশ্য। আধুনিক শ্রোতাদের কথা ভেবেই মূল প্রবন্ধের ভাবকে বিকৃত না করে কিছুটা ভাষার সরলীকরণ জীবনী এবং প্রভুপাদ, গৌড়ীয় বৈষ্ণব ধর্ম প্রচারের কর্মকাণ্ড ও গৌড়ীয় দর্শন পৌঁছে দেওয়া যাবে। মানুষ কর্মব্যাস্ততার মধ্যেও এটি শুনতে পারবেন।গৌড়ীয় বৈষ্ণব ধর্মের নানান দিক, গৌড়ীয় বৈষ্ণব সাহিত্য, পুরাণ এবং মহাপ্রভুর জীবন ও কর্মকাণ্ড নিয়ে দীর্ঘদিন ধরে গবেষণা করে চলেছে ভক্তিবেদান্ত রিসার্চ সেঃ টার। রিসার্চ সেঃটারের ডিন ড. সুমন্ত রুদ্র বলেন,সামনেই আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। সেই কথা মাথায় রেখেই বাংলা ভাষায় গৌড়ীয় মতাদর্শকে রাজ্যের গন্ডি ছা।িয়ে দেশ-বিদেশের মানুষের কাছে তুলে ধরার এই প্রয়াস নেওয়া হয়েছে। তথ্য ও ছবি সুবল সাহা।

চিনের ওপরে ভরসা করে না

ভারত সরকার চিনের ওপরে ভরসা করে না। প্রয়াত নেতা মুলায়ম সিং যাদব বলে গিয়েছিলেন পাকিস্তান আমাদের শত্রু নয়। চিন আমাদের শত্রু দেশ। চিন পাকিস্তানকে উস্কানি দিতে শুরু করে দিয়েছে। চিন ভারতের কাছে ভালো সাজছে। কিন্তু তলে তলে উস্কানি দিতে শুরু করে দিয়েছে পাকিস্তানকে। আসলে চিন সব সময়ে চাইছে ভারতের সীমান্ত এলাকার কিছু অংশ দখল করে রাখতে। তাহলে আগামি দিনে ভারতকে হাতের মুঠোয় রাখতে কোনও অসুবিধা হবে না। আমেরিকা মুখে যতই বলুক ভারতকে সামরিক দিক দিয়ে অস্ত্র দিতে পারে। তার বেশি কিছু করবে না। ইউক্রেন যুদ্ধে যেভাবে আমেরিকা সাহায্য করতে শুরু করে দিয়েছে সেই রকমই করবে ভারতকে সাহায্য। এর বেশি কিছুই আমেরিকা করবে না। পাকিস্তানকে এফ-১৬ বিমানের যন্ত্রাংশ দিচ্ছে। আবার পাকিস্তানকে সন্ত্রাসবাদী রাষ্ট্র বলে ঘোষণা করার সিদ্ধান্ত গ্রহণ করার চেষ্টা করছে আমেরিকা। দুই মুখো নীতি গ্রহণ করছে আমেরিকা। একটি মুখ দিয়ে পাকিস্তানের নিন্দা করছে আর অন্য মুখ দিয়ে পাকিস্তানকে এফ-১৬ বিমানের যন্ত্রাংশ দিচ্ছে। আসলে ব্যবসা করতে চায় আমেরিকা। ইউক্রেন যুদ্ধ আসলে একটি ব্যবসায়িক যুদ্ধ। এই যুদ্ধ যতদিন চলবে ততদিন আমেরিকা, রাশিয়া তেল উৎপাদনকারী দেশগুলির লাভ হবে। আরও বেশি বড়লোক হয়ে যাবে তারা। সবারই অপরিশোধিত তেলের দরকার। শিল্প কলকারখানাকে চালু রাখতে গেলে জ্বালানি তেলের খুবই প্রয়োজন। সেই জ্বালানি তেল এখন বেশি দামে বিভিন্ন দেশকে ক্রয় করতে হচ্ছে। তাইওয়ান যুদ্ধও শুরু হবে। সেখানে একই ধরনের খেলা খেলতে থাকবে আমেরিকা। মাঝখান থেকে ভারতের মতো মধ্যবিত্ত দেশগুলি মারা পড়বে। তাতে আমেরিকা, রাশিয়া বা চিনের কিছু আসে যায় না। চিন চেষ্টা করবে তার শক্তি বৃদ্ধি করতে। আর্থিক শক্তি থেকে শুরু করে সামরিক শক্তি বৃদ্ধি করবে। সেই কারণে চিনকে ভারত খুব একটা বিশ্বাস করতে পারছে না। চিনের ওপরে ভরসা নেই বলে লাদাখের বাসিন্দারা বলছে। লাদাখের বাসিন্দারা এখনও পর্যন্ত চিনকে ভয় পায়। তার একটি মাত্র কারণ হচ্ছে বহু লাদাখবাসীরা চিন সেনাদের দ্বারা আক্রান্ত হয়েছিল। সেই কারণে তারা ভারতের ওপরে ভরসা করতে পারে। কিন্তু চিনের ওপরে নয়। চিন জোর করে লাদাখবাসীদের আস্থা পাওয়ার চেষ্টা করছে যেটা তিব্বতে তারা এতকাল ধরে চলেছে। তিব্বতটাকে চিন একেবারে ঘিরে রেখে দিয়েছে সেনা দিয়ে। কিন্তু লাদাখকে পাচ্ছে না তার একটি মাত্র কারণ হচ্ছে লাদাখ ভারতের কেন্দ্র শাসিত অঞ্চলে পরিণত হয়ে গিয়েছে। চিন যে লাদাখের ওপরে নজর দিতে শুরু করে দিয়েছিল সেই খবরটা ছিল ভারতের কাছে। ফলে কেঃদ্রীয় সরকার দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করে জম্মু-কাশ্মীর থেকে লাদাখ আলাদা করে কেন্দ্র শাসিত অঞ্চলে পরিণত করে। চিনের কৌশল একেবারে ভেস্তে যায়। যার ফলে চিন ক্ষিপ্ত হয়ে লাদাখে প্রকৃত নিয়ন্ত্রণ রেখা অতিক্রম করে ভারতের বেশ কিছু অঞ্চল দখল করে নিয়েছে। ভারতও পিছিয়ে নেই। ভারতীয় সেনারা গায়ের জোর দেখিয়ে চিনা সেনাদের বাধ্য করেছে পিছু হটতে। এতে ভারতীয় সেনাদের জখম হতে দেখা গিয়েছে বটে। তবুও ভারত শক্তি দিয়ে দখলীকৃত স্থানগুলো অধিকার করার লড়াই ক্রমাগত চালিয়ে যাচ্ছে। আগামী শীতকালেও ভারতীয় সেনারা সীমান্ত এলাকা পাহারা দেবে। শীতের সময়ে পাহারা শিথিল হওয়ার সুবিধা নিয়ে চিন আবার সেনা প্রবেশ করাতে চাইবে সেটা এবার আর হবে না পরিস্কার করে বুঝতে পারা গিয়েছে। এদিকে ।কিস্তানকে জব্দ করতে একমাত্র লাইন হচ্ছে আমেরিকার সঙ্গে বন্ধুত্ব দৃঢ় করা। চিন যখন ভারত আক্রমণ করেছিল তখন ভারতকে রক্ষা করতে এগিয়ে এসেছিল আমেরিকা। আমেরিকা সেই সময়ে ভারতের পাশে না দাঁড়ালে চিন ভারতের বহু ভূখণ্ড দখল করে নিত এবং ম্যাকমোহন লাইন তৈরি হতো না। ম্যাকমোহন লাইন বাধ্য হয়ে চিনকে মানতে হচ্ছে।

বাংলার রাজনীতির ওপরে চাপ বৃদ্ধি পেতে শুরু করে দিয়েছে

বিশেষ প্রতিবেদক ঃ এদিকে বাংলার রাজনীতির ওপরে চাপ বৃদ্ধি পেতে শুরু করে দিয়েছে। বাংলার ব্যাপারে বেশ উদাসীন হয়ে রয়েছেন অমিত শাহ। তিনি বাংলাকে বেশি ঘটাতে চাইছেন না আপাতত। তার ফলে পশ্চিমবঙ্গের বিজেপি দলের রাজনীতি কতখানি প্রভাব বিস্তার করে লোকসভায় আসন সংখ্যা বৃদ্ধি করতে পারবে সেটাই দেখার। এদিকে সাংসদ. নেতা এবং প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরী বলেছেন বাংলায় তৃণমূলের লক্ষ্য হল কংগ্রেসকে পরাস্ত করা। সেই কারণে তারা মোদির সার্টিফিকেট সংগ্রহ করতে ন্যায় যাত্রার ওপরে হামলা করতে শুরু করে দিয়েছে। কংগ্রেসের সঙ্গে তৃণমূলের কোনও রাজনৈতিক সম্পর্ক নেই। সমঝোতা নেই এটা বোঝাতে উত্তরবঙ্গে রাহুলে ন্যায় যাত্রায় দিদি আসছেন না। তৃণমূল মানেই বিজেপি দলের বি টিম। তৃণমূলের সঙ্গে কংগ্রেস যদি হাত মিলিয়ে চলে তাহলে কংগ্রেস দলের পতন হবে। কোনও লাভ হবে না। কংগ্রেস ভেঙে তৃণমূল তৈরি হয়েছে এটা মনে রেখে চলতে হবে। বিজেপি হাত ধরে তৃণমূল বাংলায় গদি দখল করেছে। বাম শক্তিকে শিল্প নীতি নিয়ে পরাস্ত করেছে। বাংলায় শিল্প গড়তে বাম দলের নেতারা যেভাবে এগিয়ে চলতে শুরু করে দিয়েছিল তা সফল হলে বাংলার লাভ হতো। তখন আমেদাবাদ একেবারে ধূলিসাৎ হয়ে যেত। বাংলার আবার শিল্প জাগরণ দেখা দিত। সেই পথে প্রধান বাধ হয়ে দাঁড়িয়ে গিয়েছিলেন দিদি। তাঁর জঙ্গি আঃেদালনের ফলে সিঙ্গুরে শিল্প হতে পারলো না। নঃদীগ্রামে শিল্প হতে পারলো না। শিল্প পশ্চিমবঙ্গ তৈরি হতে পারলো না। বিজেপি হাতকে শক্ত করতে দিদি পরোক্ষভাবে মদত দিয়েছেন সেটা পরিস্কার হয়ে গিয়েছে। আজও সেই পথ ধরে দিদি এগিয়ে চলেছেন সমানভাবে।

রুশ প্রশাসন দায়ী নয়। এর জন্য দায়ী একমাত্র পুতিন

রুশ প্রশাসন দায়ী নয়। এর জন্য দায়ী একমাত্র পুতিন। তাঁর ব্যক্তিগত নির্দেশে রুশ প্রশাসন তাঁর কথা শুনে কাজ করতে শুরু করেছে। আমেরিকার প্রেসিডেন্ট বাইডেন বলেছেন আমেরিকা নেটো শক্ত প্রয়োগ করতে ইচ্ছা প্রকাশ করছে না। নেটো অস্ত্র নিয়ে লড়াই করতে নামলে তৃতীয় বিশ্ব যুদ্ধ শুরু হয়ে যাবে। সেই কারণে নেচো বাহিনীরা চুপ করে সীমান্তে দাঁড়িয়ে রয়েছে। তাদেরকে গোলাবর্ষন করতে নিষিদ্ধ করা হয়েছে। পুতিনের ইউক্রেন যুদ্ধ এখন ক্রমশ ফিকে হতে শুরু করে দিয়েছে। তিনি মনে করেছিলেন ইউক্রেন সহজে দখল করে নেবেন। সেটা করতে পারছেন না। তার একটি মাত্র কারণ হচ্ছে ইউক্রেন সেনারা মাতৃভূমি রক্ষা করতে প্রাণ দিতে প্রস্তুত। রুশ প্রতিরক্ষা মন্ত্রী বলেছেন, সব কিছুই পরিকল্পনা মাফিক এগোতে শুরু করেছে। মাত্র কয়েকদিনের মধ্যে সুখবর পাওয়া সম্ভব হবে। এদিকে যুদ্ধে প্রবল ক্ষতির জন্যে আটজন রুশ কর্তাকে বরখাস্ত করা হয়েছে। পুতিন এখন প্রবল চাপের মধ্যে রয়েছে বলে জানতে পারা গিয়েছে। তিনি শুধু মাত্র প্রতিরক্ষা মন্ত্রকের কর্তাদের সঙ্গে আলোচনা করছেন। বাইরে বের হচ্ছেন খুবই কম। প্রশাসনিক বৈঠক করছেন না। তবে বিশেষ সুত্র থেকে জানতে পারা গিয়েছে পুতিনের শাসনের পতন কি ইউক্রেন যুদ্ধেই দেখতে পাওয়া যাবে? তা নিয়ে সর্বত্রপ্রশ্ন উঠতে শুরু করেছে।

পচা ডিম এবং শুকনো ভাত রাস্তায় ফেলে অঙ্গনওয়াড়ি কর্মীকে আটকে রেখে বিক্ষোভ অভিভাবকদের

দুরন্ত বার্তা, মালদা, ১২ ফেব্রুয়ারি ঃ আবারও সামনে এলো অঙ্গনওয়াড়ি কেন্দ্রের বেহাল দশা। শুকনো ভাত এবং পচা ডিম রাস্তায় ফেলে অঙ্গনওয়াড়ি কর্মীকে আটকে রেখে তুমুল বিক্ষোভ অভিভাবকদের। অভিভাবকদের অভিযোগ দীর্ঘ দিন ধরেই খাবারে বেনিয়ম হচ্ছে এই কেন্দ্রে। নিয়ম মেনে তালিকা অনুযায়ী দেওয়া হয় না খাবার। অনেক দিন দেওয়া হচ্ছে শুধু শুকনো ভাত। যেদিন ডিম বা সবজি দেওয়া হচ্ছে তা নিম্নমানের। এমনকি পচা সবজি এবং ডিম দেওয়ার অভিযোগ। ওই কেন্দ্রে রান্নাও হয় না। নিজের বাড়ি থেকে রান্না করে নিয়ে আসেন অঙ্গনওয়াড়ি কর্মী। খোলা আকাশের নিচেই চলছে সেন্টার। তাকে বারবার অভিভাবকরা অভিযোগ করলেও তিনি কর্ণপাত করেন নি। সোমবারও নিম্নমানের খাবার দিতেই বিক্ষোভে ফেটে পড়েন অভিভাবকরা। মালদা জেলার হরিশ্চন্দ্রপুর ১ নম্বর ব্লকের তুলসিহাটা গ্রাম পঞ্চায়েতের শিয়ালডাঙ্গি গ্রামের অঙ্গনওয়াড়ি কেন্দ্র কার্যত বেহাল দশায় ধুঁকছে। ওই সেন্টারে নেই কোনো ভবন। খোলা আকাশের নিচেই চলে সেন্টার। সাথে অভিভাবকদের অভিযোগ দীর্ঘ দিন ধরে নিয়ম মেনে দেওয়া হচ্ছে না খাবার। বেশিরভাগ দিন দেওয়া হয় শুকনো ভাত আর পচা ডিম। খিচুড়ি বা সবজি দেওয়া হলেও তাও নিম্নমানের। অঙ্গনওয়াড়ি কর্মী আকলেমা খাতুন কে অভিযোগ করলে তিনি কর্ণপাত করেন না। উল্টে দুর্ব্যবহার করেন অভিভাবকদের সঙ্গে। অঙ্গনওয়াড়ি সেন্টারের কোনো ভবন না থাকায় বাড়ি থেকেই রান্না করে আনেন রাঁধুনি। সোমবার পুনরায় এই সেন্টারে বাচ্চাদের শুধু শুকনো ভাত এবং ডিম দেওয়া হয়। অভিভাবকদের অভিযোগ সেই ডিমও পচা। তারপরেই কর্মী আকলেমা খাতুন কে ঘিরে ধরে বিক্ষোভ দেখান অভিভাবকরা। পরবর্তীতে রাস্তায় শুকনো ভাত এবং ডিম ফেলে চলতে থাকে বিক্ষোভ। প্রায় ঘন্টাখানেক বিক্ষোভের জেরে চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। অভিভাবকদের দাবি নিয়ম অনুযায়ী সঠিক খাবার দিতে হবে। নিম্নমানের এই খাবার খেলে শিশু এবং প্রসূতিরা অসুস্থ হয়ে পড়বে। এদিকে জানা গেছে স্থানীয় এক বাসিন্দার জমিতে পাঁচ বছর আগে অঙ্গনওয়াড়ি কেন্দ্রের ভবন নির্মাণ হয়। কিন্তু প্রতিশ্রুতি অনুযায়ী জমিদাতা চাকরি পাননি। তাই পরবর্তীতে তিনি সেই ভবন তালা বন্ধ করে দেন। তারপর থেকেই খোলা আকাশের নিচে চলছে সেন্টার। এদিকে অভিভাবকদের অভিযোগ ভিত্তিহীন বলে দাবি করেছেন কর্মী অকলেমা খাতুন। সাথে তার সাফাই এদিন রাঁধুনি অসুস্থ থাকায় শুধু শুকনো ভাত এবং ডিম দেওয়া হয়েছে। এই প্রসঙ্গে হরিশ্চন্দ্রপুর ১ নম্বর ব্লকের সিডিপিও আব্দুল সাত্তার জানিয়েছেন,'সুপারভাইজার কে পরিদর্শন করতে পাঠিয়েছি। অভিযোগ প্রমাণিত হলে পদক্ষেপ নেওয়া হবে।'

সন্দেশখালি ঘটনার প্রতিবাদ জানিয়ে ফালাকাটা শহরের মিছিল করল বিজেপি

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ১২ ফেব্রুয়ারি ঃ সন্দেশখালি ঘটনার প্রতিবাদ জানিয়ে ফালাকাটা শহরের মিছিল করল বিজেপি, এদিন বিকেলে ফালাকাটার বিজেপির দলীয় কার্যালয় থেকে একটি ধিক্কার মিছিল ফালাকাটা শহর পরিক্রমা করে ফালাকাটা মেইন রোড ট্রাফিক মোড়ে এসে পথ অবরোধ করে মুখ্যমন্ত্রীর কুশ পুতুল দাহ করে, নেতৃত্ব দেন ফালাকাটা বিধানসভার কেন্দ্রের বিধায়ক দীপক বর্মন।

Office of The Bhandarpuara Chipida Gram Panchayat
Vill-PENDRA, P.S.-Tamna, Dist-Purulia
NOTICE INVITING TENDER No.: WBPUR/B/CHIPIDA/NIT-01/23-24, Date: 10-02-2024

Sealed Tender is invited from the experienced and resourceful bidders for execution of the total 6 (Six) Nos. different works. Last date of dropping of Sealed Tender form on or before 19/02/2024 up to 12 PM. Date of Opening of Tender 19/02/2024 at 02 PM. For details please visit office of the undersigned.

Sd/- Prodhan
Bhandarpuara Chipida Gram Panchayat

পথ দুর্ঘটনায় মৃত ১

দুরন্ত বার্তা, বীরভূম, ১২ ফেব্রুয়ারি ঃ আবারও পথ দুর্ঘটনায় বলি হল আরো একজন। ঘটনাটি ঘটেছে রামপুরহাট থানার রামপুরহাট তারাপীঠ রোডের গোপালপুর মোড় সংলগ্ন এলাকায়। পরিবার সূত্রে জানা গেছে, তারাপীঠ থেকে রাত্রি ১২টা নাগাদ বাড়ি ফিরছিলেন রামপুরহাটের ৮ নম্বর ওয়ার্ডের বাসিন্দা অনিকেত ভকত। পরিবার সূত্রে জানা গেছে, বাইক চালানো অবস্থায় তিনি স্ত্রীর সঙ্গে মোবাইলে কথা বলছিলেন। গোপালপুর মোড় সংলগ্ন একটা টার্নিং এ অনিকেতের মৃতদেহ পড়ে থাকতে দেখতে পান। তিনি থানায় খবর দিলে ঘটনাস্থলে রামপুরহাট থানার পুলিশ এসে মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য রামপুরহাট মেডিকেল কলেজ ও হাসপাতালে নিয়ে যায়। এই ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে আসে।

Office of Moukhali Gram Panchayat
Under Bishnupur-II Panchayat Samity
South 24 Parganas
Notice Inviting E-Tender No.: MGP/71/2024, Date.-07.02.2024

The Prodhan, Moukhali Gram Panchayat, Bishnupur-II Panchayat Samity, South 24 Pgs. Invites online percentage rate tenders for the 2(two)different works. Work completion period: 90 Days. Bid submission starting from 07.02.2024 at 5.30 PM. up to 17.02.2024 at 11.00 PM. Date of Opening of tender 21.02.2024 at 11:30 A.M. For details visit website www.wbtenders.gov.in

Sd/- Prodhan
Moukhali Gram Panchayat

Office of the Block Dev. Officer
Sankrail Dev. Block, Howrah
ARGORI, ANDUL, HOWRAH
ABRIDGED NOTICE INVITING e-TENDER

Block Development Officer, Sankrail Development Block, Howrah invites e-tender for following Work related to Civil Development Work as follows:

Sl. No.	Tender Reference No.	Tender ID	Tender Serial No.	Last Date of Submission	Date of Opening
1.	34/BDO of 2023-24	2024_ZPHD_666374_1	01 to 05	20/2/2024	22/2/2024

Intending bidders are requested to visit the website http://wbtenders.gov.in for details. For other details may contact with the office of the undersigned.

Sd/- Block Dev. Officer
Sankrail Dev. Block, Howrah

পূর্ব রেলওয়ে

টেন্ডার নম্বর ঃ এলআরডব্লু৪_ওআরএস_সিবিসি_ডিজি_২৩, তারিখ ঃ ০৯.০২.২০২৪। ডেপুটি সিএমই/পি, সি অ্যান্ড ডব্লু ওয়ার্কশপ, পূর্ব রেলওয়ে, লিলুয়া, হাওড়া-৭১১২০৪ নিম্নলিখিত কাজের জন্য সিঙ্গেল প্যাকেট সিস্টেমে ওপেন ই-টেন্ডার আহ্বান করছেনঃ **কাজের নাম ঃ** ওয়ার্কস কন্ট্র্যাক্টের মাধ্যমে নিউ সিবিসি ড্রাফ্ট গিয়ার সেকশনে ৩টি ব্রিজে ওভারহেড এক্স-ওয়াই রেল সিস্টেম সরবরাহ, নির্মাণ, স্থাপন (ফাউন্ডেশন ওয়ার্ক সহ) ও কার্যনিয়োগ। **টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ** ০১.০৩.২০২৪ দুপুর ৩টা। **বিজ্ঞাপিত মূল্যমান ঃ** ৪৯,৩৭,৪৩৯ টাকা। **বায়নামূল্য ঃ** ৯৮,৮০০ টাকা। **টেন্ডার নথির মূল্যঃ** ০ টাকা। **বিড শুরুর তারিখ ঃ** ১৬.০২.২০২৪। **টেন্ডার আপলোডের তারিখ ও সময় ঃ** ০৮.০২.২০২৪ তারিখে দুপুর ২.৪১ মিনিট। **প্রস্তাবের বৈধতা ঃ** ১২০ দিন। **সম্পাদনের সময়সীমা ঃ** ৬৩ দিন। টেন্ডার নথিপত্র **www.ireps.gov.in** থেকে ডাউনলোড করা যাবে। কেবলমাত্র বন্ধের তারিখ ও সময় পর্যন্ত বিডাররা তাঁদের মূল/সংশোধিত বিড জমা করতে পারবেন। এই টেন্ডারের প্রেক্ষিতে ম্যানুয়াল প্রস্তাব অনুমোদন করা হবে না ও কোন ম্যানুয়াল প্রস্তাব পাওয়া গেলে তা অগ্রাহ্য হবে।

(MISC-253/2023-24)

টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট **www.er.indianrailways.gov.in/www.ireps.gov.in**-এও পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway easternrailwayheadquarter

Corrigendum

This to inform you that the advertisement of Singur Panchayat Samity published on 12.02.2024, Re e-Tender reference no should be read as 197/EO, Singur instead of 1971E0. Other details will remain unchanged.

পূর্ব রেলওয়ে

সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, হাওড়া, ৫ম তল, যাত্রী নিবাস, হাওড়া স্টেশনের নিকট, হাওড়া-৭১১১০১ **হাওড়া ডিভিসনের বিভিন্ন স্টেশনে ৩ বছর সময়কালের জন্য পার্কিং লট পরিচালনার চুক্তি প্রদানের** জন্য ই-অকশন আহ্বান করছেন। বিস্তারিত জানতে ও ই-অকশনে অংশগ্রহণ করতে অনুগ্রহ করে **ই-অকশন লিজিং** মডিউলের মাধ্যমে ওয়েবসাইট **www.ireps.gov.in** দেখুন।

ক্যাটালগ নংঃ পার্ক-এইচডব্লুএইচ-৩০-আর। অকশন শুরুর তারিখ/সময়ঃ ২৩.০২.২০২৪ তারিখ সকাল ১১টা। **ক্রমিক নং; লট নং/ক্যাটিগরি ও স্টেশনের নাম** নিম্নরূপঃ **১;** পার্কিং-এইচডব্লুএইচ-এসএএলই-এফডব্লু-৫৪-২২-১ (পার্কিং-ফোর হুইলার) ও সালার। **২;** পার্কিং-এইচডব্লুএইচ-ডিএইচপিডি-টিডব্লু-৭৮-২৩-১ (পার্কিং-টু হুইলার) ও ডাহাপাড়া ধাম। **৩;** পার্কিং-এইচডব্লুএইচ-সিটিআর-টিডব্লু-২১৬-২২-১ (পার্কিং-টু হুইলার) ও চাতরা। **৪;** পার্কিং-এইচডব্লুএইচ-এলসিএই-টিডব্লু-৫৫-২২-২ (পার্কিং-টু হুইলার) ও লালবাগ কোর্ট রোড। **৫;** পার্কিং-এইচডব্লুএইচ-কেএএন-টিডব্লু-২১০-২২-১ (পার্কিং-টু হুইলার) ও খানা (II)। **৬;** পার্কিং-এইচডব্লুএইচ-আরএসএলআর-টিডব্লু-১৯৭-২২-১ (পার্কিং-টু হুইলার) ও রসুলপুর (III)। **৭;** পার্কিং-এইচডব্লুএইচ-এসওএই-টিডব্লু-৮৪-২২-১ (পার্কিং-টু হুইলার) ও সোমড়াবাজার। **৮;** পার্কিং-এইচডব্লুএইচ-কেপিএলই-টিডব্লু-১৬-২৩-১ (পার্কিং-টু হুইলার) ও কোপাই। **৯;** পার্কিং-এইচডব্লুএইচ-এসপিএস-টিডব্লু-২২০-২৩-১ (পার্কিং-টু হুইলার) ও শ্রীপাট শ্রীখণ্ড। **১০;** পার্কিং-এইচডব্লুএইচ-পিআরএই-টিডব্লু-২৩৮-২৩-১ (পার্কিং-টু হুইলার) ও পাল্লারোড। **১১;** পার্কিং-এইচডব্লুএইচ-সিডব্লুএলই-টিডব্লু-৭৪-২৩-১ (পার্কিং-টু হুইলার) ও চৌরীগাছা। **১২;** পার্কিং-এইচডব্লুএইচ-কেওজি-টিডব্লু-১-২২-৩ (পার্কিং-টু হুইলার) ও কোন্নগর। **১৩;** পার্কিং-এইচডব্লুএইচ-ভিএসপিআর-টিডব্লু-৫৭-২২-১ (পার্কিং-টু হুইলার) ও বিষ্ণুপ্রিয়া হল্ট। **১৪;** পার্কিং-এইচডব্লুএইচ-জেআরএই-টিডব্লু-১২১-২২-১ (পার্কিং-টু হুইলার) ও জৌগ্রাম (I)। **১৫;** পার্কিং-এইচডব্লুএইচ-কেডব্লুএই-টিডব্লু-২২-২৩-১ (পার্কিং-টু হুইলার) ও কাটোয়া (I)। **১৬;** পার্কিং-এইচডব্লুএইচ-পিএনই-টিডব্লু-২২৫-২২-১ (পার্কিং-টু হুইলার) ও প্রান্তিক। **১৭;** পার্কিং-এইচডব্লুএইচ-এমএলভি-টিডব্লু-৮৮-২২-১ (পার্কিং-টু হুইলার) ও মল্লারপুর। **১৮;** পার্কিং-এইচডব্লুএইচ-এমজিএই-টিডব্লু-২১৫-২২-১ (পার্কিং-টু হুইলার) ও মোরগ্রাম। **১৯;** পার্কিং-এইচডব্লুএইচ-জিপিএই-টিডব্লু-২৪২-২৩-১ (পার্কিং-টু হুইলার) ও গুপ্তিপাড়া (II)। **২০;** পার্কিং-এইচডব্লুএইচ-জেওএক্স-টিডব্লু-২৩৭-২৩-১ (পার্কিং-টু হুইলার) ও জনাই রোড। **২১;** পার্কিং-এইচডব্লুএইচ-এমএসএই-টিডব্লু-১৩২-২২-১ (পার্কিং-টু হুইলার) ও মসাগ্রাম। **২২;** পার্কিং-এইচডব্লুএইচ-বিসিএফ-টিডব্লু-১০৪-২৩-১ (পার্কিং-টু হুইলার) ও বনকাপাসি। **২৩;** পার্কিং-এইচডব্লুএইচ-বিএইচআর-টিডব্লু-২৪৮-২৪-১ (পার্কিং-টু হুইলার) ও ভদ্রেশ্বর (VI)। **২৪;** পার্কিং-এইচডব্লুএইচ-এসডিআই-এমএক্স-২৪১-২৩-১ (পার্কিং-মিক্সড) ও সাগরদীঘি। **২৫;** পার্কিং-এইচডব্লুএইচ-কেএনএসএন-এমএক্স-৭৬-২২-১ (পার্কিং-মিক্সড) ও কর্ণসুবর্ণ। **২৬;** পার্কিং-এইচডব্লুএইচ-এসআইজেড-এমএক্স-২২৭-২২-১ (পার্কিং-মিক্সড) ও শ্রীখণ্ড। **২৭;** পার্কিং-এইচডব্লুএইচ-বিটিআরএইচ-এমএক্স-৯৩-২২-১ (পার্কিং-মিক্সড) ও ভাতাড়। **২৮;** পার্কিং-এইচডব্লুএইচ-এনবিকেএইচ-এমএক্স-৭৭-২২-১ (পার্কিং-মিক্সড) ও নবগ্রাম কাঁকুড়হাটী। **২৯;** পার্কিং-এইচডব্লুএইচ-এসএএলই-এমএক্স-৫৩-২২-২ (পার্কিং-মিক্সড) ও সালার। **৩০;** পার্কিং-এইচডব্লুএইচ-এসএএলই-আরডব্লু-৮১-২২-২ (পার্কিং-থ্রি হুইলার) ও সালার।

(HWH-489/2023-24)

টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট **www.er.indianrailways.gov.in/www.ireps.gov.in**-এও পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুনঃ @EasternRailway @easternrailwayheadquarter

E-TENDER INVITING NOTICE

Tender Reference no.:- i) WB/HOW/BJPS/CGP/343/NIT12/23-24

Electronic Tenders are hereby invited by the Pradhan,Chamrail Gram Panchayat, Bally Jagacha Block for implementation of Two (02) no. work within Chamrail Gram Panchayat, Howrah. Details are available in https://wbtenders.gov.in & https://etender.wb.nic.in) and Office Notice Board.

Sd/-
Pradhan
Chamrail Gram Panchayat

Office of Moukhali Gram Panchayat
Under Bishnupur-II Panchayat Samity
South 24 Parganas
Notice Inviting E-Tender No.: MGP/74/2024, Date.-09.02.2024

The Prodhan, Moukhali Gram Panchayat, Bishnupur-II Panchayat Samity, South 24 Pgs. Invites online percentage rate tenders for the work of: Construction of road at 2 (two) different places. Work completion period: 60 Days. Bid submission starting from 07.02.2024 at 5.30 PM. up to 17.02.2024 at 11.00 PM. Date of Opening of tender 21.02.2024 at 11:30 A.M. For details visit website www.wbtenders.gov.in

Sd/- Prodhan
Moukhali Gram Panchayat

মুকুন্দপুর মোড় থেকে উদ্ধার প্রচুর পরিমাণে নিষিদ্ধ গাঁজা, গ্রেপ্তার চালক সহ ২

দেবাশীষ কংশবণিক, নবদ্বীপ, ১২ ফেব্রুয়ারি ঃ একেবারে নাটকীয়ভাবে নবদ্বীপ থানার মুকুন্দপুর মোড় থেকে লরি সহ প্রচুর পরিমাণে নিষিদ্ধ গাঁজা উদ্ধার করল রাজ্য এসটিএফ। ঘটনাটি রবিবার রাতে নবদ্বীপ গৌরাঙ্গ সেতু রোডে মুকুন্দপুর মোড়ে। গোপন সূত্রে খবর পেয়ে স্থানীয় পুলিশকে সঙ্গে নিয়ে যৌথ অভিযানে নেমে এক প্রকার ধাওয়া করে নিষিদ্ধ গাঁজা বোঝাই লরিটিকে আটক করে রাজ্য পুলিশের এসটিএফ। ঘটনায় গ্রেফতার করা হয় ওই লরির চালক আলম মন্ডল ও খালাসী আলামিন মন্ডলকে। ধৃতদের বিরুদ্ধে মাদক আইনে মামলা রুজু করে সোমবার দুপুরে কৃষ্ণনগর এনডিপিএস আদালতে পেশ করে পুলিশ। পুলিশ সূত্রে জানতে পারা যায়, রবিবার সন্ধ্যা নাগাদ গোপন সূত্রে খবর আসে পূর্ব বর্ধমানের নাদনঘাট থানা এলাকা হয়ে নবদ্বীপ গৌরাঙ্গ সেতু রোড ধরে বনগাঁর উদ্দেশ্যে যাবে একটি গাঁজা বোঝাই লরি। খবর পাওয়া মাত্র স্থানীয় থানার পুলিশকে সঙ্গে নিয়ে রাজ্য এসটিএফের একাধিক আধিকারিকের নেতৃত্বে গৌরাঙ্গ সেতু রোডে অপেক্ষায় বসে থাকে পুলিশ কর্মীরা। রাত আনুমানিক ৯ টা নাগাদ নবদ্বীপ থানা এলাকার গৌরনগর দিয়ে নাগাল্যান্ডের নম্বর প্লেটের একটি লরি দ্রুত গতিতে কৃষ্ণনগরের দিকে যাচ্ছে। এরপর স্থানীয় পুলিশকে নিয়ে রাজ্য এসটিএফের কর্মীরা দীর্ঘ প্রায় দেড় কিলোমিটার ধাওয়া করে মুকুন্দপুর মোড়ে লরিটির পথ আটকায়। রাতভর চলে তল্লাশি অভিযান। প্রথমে লরির ভেতর থেকে উদ্ধার হয় এক থেকে দেড় কুইন্ট্যাল গাঁজার প্যাকেট। এরপর ওই লরির প্ল্যাটফর্ম বা মেঝে গ্যাস কাটার দিয়ে কাটতেই থরে থরে বেরিয়ে আসে নিষিদ্ধ গাঁজার এক একটি প্যাকেট। উদ্ধার হয় মোট ২০৮ প্যাকেট নিষিদ্ধ গাঁজা। যার মোট ওজন প্রায় সাড়ে চার কুইন্ট্যাল। উদ্ধার হওয়া গাঁজার বাজার আনুমানিক মূল্য কয়েক বেশ লক্ষ টাকা বলে সূত্রের খবর। এত ব্যাপক পরিমাণে গাঁজা উদ্ধারে নদীয়া জুড়ে চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। পুরো অভিযানটি হতে ভোর হয়ে যায়। সূত্রের খবর গাঁজা ভর্তি লরিতে যাচ্ছিল বনগাঁ বাসিন্দা মাদক ব্যবসায়ী আলী মির্ধা ওরফে রাজুর কাছে। সম্প্রতি নবদ্বীপ শহরের এক নম্বর ওয়ার্ডের গাপতলা মোড়ে নবদ্বীপ থানার পুলিশ অভিযান চালিয়ে একটি ছোট চার চাকার গাড়ি থেকে উদ্ধার হয় প্রায় এক কুইন্ট্যাল নিষিদ্ধ গাঁজা। ঘটনায় গ্রেপ্তার হন ওই ছোট গাড়ির চালক। ওই ঘটনার কয়েক মাসের মধ্যেই রাজ্য পুলিশের এসটিএফের পাশাপাশি আবারও একটি বড়সড় সাফল্য পেল নবদ্বীপ থানার পুলিশ।

BERUGRAM GRAM PANCHAYAT
BOWAI : PURBA BARDHAMAN
Notice Inviting e-Tender No:-18/BGP/15THFC(UNTIED)/2023-24, Dated-12/02/2024.

The Prodhan, BERUGRAM GRAM PANCHAYAT invites e-tender for total 5(Five)Nos. different works. At different places. Source of Fund: 15 th FC(Untied). Document download/ sale date from 12/02/2024 from 17.00 hrs. up to 19/02/2024 upto 15.00 hrs. Bid submission starting from 12/02/2024 from 17.00 hrs. up to 19/02/2024 upto 15.00 hrs. Bid Opening Date 22/02/2024 at 11.00 Hrs. For details please contact at GP office and visit website www.wbtenders.gov.in

Sd/- Prodhan
Berugram Gram Panchayat

NOTICE INVITING E-TENDER

e-Tender is hereby invited on behalf of Chairman, Habra Municipality for works within Habra Municipality.

Sl. No.	Ref. e-Tender No.	Last Date of submission of e-Tender
1	WBMAD/HM/PWD/NIT e-567/2023-24 (SI No. 1-20)	21/02/2024 up to 5.00 PM
2	WBMAD/HM/PWD/NIT e-568/2023-24 (SI No. 1-4)	28/02/2024 up to 5.00 PM

For details please see at the website **www.wbtenders.gov.in**

Sd/-
Executive Officer, Habra Municipality

Office of Moukhali Gram Panchayat
Under Bishnupur-II Panchayat Samity
South 24 Parganas
Notice Inviting E-Tender No.: MGP/73/2024, Date.-09.02.2024

The Prodhan, Moukhali Gram Panchayat, Bishnupur-II Panchayat Samity, South 24 Pgs. Invites online percentage rate tenders for the work of Construction of cover Drain at 4(Four)Nos. different places. Work completion period: 60 Days. Bid submission starting from 07.02.2024 at 5.30 PM. up to 17.02.2024 at 11.00 PM. Date of Opening of tender 21.02.2024 at 11:30 A.M. For details visit website www.wbtenders.gov.in

Sd/- Prodhan
Moukhali Gram Panchayat

বিজ্ঞাপন সংস্থাসমূহ লক্ষ্য করুন ঃ নির্দেশক বিজ্ঞপ্তি

পূর্ব রেলওয়ে দ্বারা বিজ্ঞাপন সংস্থাসমূহের তালিকাভুক্তি

